**আল কুরআন**

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

আল্লাহ যাকে ইচ্ছা বেহিসাব রিযিক দান করেন

সূরা আল ইমরান ৩৭



দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বুধবার ॥ ০৬ মে ২০২৬ ॥ ১৭ জিলক্বদ ১৪৪৭ ॥ ২৩ বৈশাখ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩৪৩ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা



নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে বিশ্বমানের সিমেন্ট

এ্যাংকর সিমেন্ট

স্থায়ীত্বের মজবুত নোঙ্গর

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

## এক বছরের মধ্যেই সব ধাপের স্থানীয় সরকার নির্বাচন: ফখরুল

কীর্তনখোলা ডেস্ক

আগামী এক বছরের মধ্যেই সব ধাপের স্থানীয় সরকার নির্বাচন দেওয়ার চেষ্টা করা হচ্ছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার ২ এর পাতায় দেখুন



## শাপলা চত্বরে হত্যাকাণ্ডে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জামায়াত আমিরের

কীর্তনখোলা ডেস্ক

২০১৩ সালের ৫ মে রাজধানীর শাপলা চত্বরে সংঘটিত হত্যাকাণ্ডের ঘটনার তদন্তে স্বাধীন, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য তদন্ত ২ এর পাতায় দেখুন

## এত চমৎকার নির্বাচন দেশে আগে হয়নি: সেনাপ্রধান

কীর্তনখোলা ডেস্ক

সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান বলেছেন, দেশের ইতিহাসে এত চমৎকার নির্বাচন আগে কখনো হয়নি। সামরিক ২ এর পাতায় দেখুন

## এরশাদের মতো দেশ চালালে পরিণতিও তার মতোই হবে : আসিফ মাহমুদ

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র ও অন্তর্বর্তীকালীন সরকারের সাবেক উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া ২ এর পাতায় দেখুন

# কোটি কোটি টাকা ব্যয়ের পরও ডুবছে নগরী

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর জলাবদ্ধতা নিরসনে গত দুই বছরে খাল খনন ও পরিষ্কার-পরিচ্ছন্নতায় কয়েক কোটি টাকা ব্যয় হলেও সমস্যার স্থায়ী সমাধান হয়নি। সামান্য থেকে মাঝারি বৃষ্টিতেই নগরীর অধিকাংশ গুরুত্বপূর্ণ এলাকায় হাঁটুপানি জমে জনদুর্ভোগ সৃষ্টি হচ্ছে। এ অবস্থায় নতুন প্রকল্প গ্রহণের উদ্যোগ নেওয়া হলেও পরিকল্পনার ঘাটতির কারণে তা নিয়ে শঙ্কা দেখা দিয়েছে। নগরীর বিভিন্ন স্থানে ঘুরে দেখা গেছে, গত সপ্তাহে টানা দুই দিনের ভারী বৃষ্টিতে বরিশাল নগরীর বেশিরভাগ এলাকায় জলাবদ্ধতার সৃষ্টি হয়। এতে নগরবাসীকে চরম দুর্ভোগ পোহাতে হয়। বিশেষ করে বগুড়া রোড, আমানতগঞ্জ, সদর রোড, মুন্সী গ্যারেজ এলাকা এবং নবগ্রাম রোডের বিভিন্ন অংশ পানিতে তলিয়ে যায়। খোঁজ নিয়ে জানা গেছে, ২০২৪ সালের জানুয়ারিতে নগরীর সাতটি খাল, আমানতগঞ্জ, জেল খাল, রূপাতলী, পলাশপুর, সাগরদী, চাঁদমারী ও ভাটার খাল খননের উদ্যোগ নেয় পানি উন্নয়ন বোর্ড। এ প্রকল্পে ব্যয় হয় প্রায় ৭ কোটি টাকা। তবে দুই বছর না পেরোতেই খালগুলো আবার ভরাট হয়ে যাওয়ায় জলাবদ্ধতা পরিস্থিতির উন্নতি হয়নি। বরিশাল সিটি করপোরেশন (বিসিসি) সূত্রে জানা যায়, গত বছর নগরীর গুরুত্বপূর্ণ খালগুলো পরিষ্কার করা হলেও অলিগলির ড্রেনেজ ও নালা সংস্কারে পর্যাপ্ত নজর দেওয়া হয়নি। ফলে বর্ষার শুরুতেই পানি নিষ্কাশনে বিঘ্ন দেখা দিয়েছে। এছাড়া নগরীর নিম্নাঞ্চল হিসেবে পরিচিত রসুলপুর, পলাশপুর ও মোহাম্মদপুর এলাকায় দুই দিনের বৃষ্টির পরও এখনো পানি জমে রয়েছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, বৃষ্টি হলেই এসব এলাকায় সড়ক তলিয়ে যায় এবং স্বাভাবিক চলাচল ব্যাহত হয়। নবগ্রাম রোডের বাসিন্দা রাজিব হোসেন বলেন, বৃষ্টি হলেই বটতলা থেকে চৌমাথা পর্যন্ত প্রায় এক কিলোমিটার সড়ক পানির নিচে চলে যায়। এসময় হেঁটে চলাচল কোনোভাবেই সম্ভব হয় না। অটোরিকশা চালক রানা ২ এর পাতায় দেখুন

## সৌদি আরবে মারা গেছেন নয় বাংলাদেশি হজযাত্রী

কীর্তনখোলা ডেস্ক

সৌদি আরবে আরও দুই বাংলাদেশি হজযাত্রী মারা গেছেন। এ নিয়ে চলতি মৌসুমে এখন পর্যন্ত মোট ৯ জন বাংলাদেশি হজযাত্রী মৃত্যুবরণ করেছেন। মঙ্গলবার (৫ মে) ধর্ম মন্ত্রণালয়ের হজ পোর্টালে আইটি হেল্পডেস্কের নিয়মিত বুলেটিন থেকে এ তথ্য জানা গেছে। এ পর্যন্ত মারা যাওয়াদের মধ্যে আটজন পুরুষ এবং একজন নারী। তাদের মধ্যে মক্কায় সাতজন ও মদিনায় দুজন মারা গেছেন। সবশেষ সোমবার বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রী ফরিদপুর ২ এর পাতায় দেখুন

## হাম ও হামের উপসর্গ নিয়ে ৬ জনের মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক

নতুন করে হাম-সংক্রান্ত রোগে ছয়জন মারা গেছেন। তাদের মধ্যে দুজন হামে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন বলে নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। বাকি চারজনের মৃত্যু হয়েছে রোগটির উপসর্গ নিয়ে। মঙ্গলবার (৫ মে) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ৫৪ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সন্দেহভাজন হামজনিত মৃত্যুর ২ এর পাতায় দেখুন

## বিশ্বজুড়ে নতুন আতঙ্ক 'হান্টাভাইরাস'

কীর্তনখোলা ডেস্ক

আটলান্টিক মহাসাগরের বুকে বিলাসবহুল এক ভ্রমণ মুহূর্তেই দুঃস্বপ্নে পরিণত হলো। এমভি হন্ডিয়াস ক্রুজে শিপে হঠাৎ ছড়িয়ে পড়া রহস্যময় সংক্রমণে তিনজনের মৃত্যু এবং একাধিক যাত্রীর গুরুতর অসুস্থতা বিশ্বজুড়ে উদ্বেগ তৈরি করেছে। প্রাথমিক তদন্তে উঠে এসেছে এক পরিচিত হলেও কম আলোচিত ভাইরাসের নাম হান্টাভাইরাস। হান্টাভাইরাস নতুন কিছু নয়। এটি একটি জুনোটিক ভাইরাস, অর্থাৎ পশু থেকে মানুষের শরীরে সংক্রমিত হয়। অনেকটা করোনার মতোই এটি আরএনএ ভাইরাস ২ এর পাতায় দেখুন

# ১০ দফা দাবি আদায়ে বিএম কলেজে শিক্ষার্থীদের বিক্ষোভ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল বিএম কলেজে সেশন চার্জের নামে অকার্যকর নানা খাতে ফি আদায়ের প্রতিবাদে মঙ্গলবারও বিক্ষোভ-মিছিল করেছেন শিক্ষার্থীরা। এ সময় তাঁরা ১০ দফা দাবি ঘোষণা করেন। দাবি পূরণ না হলে কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দেন তৃতীয় বর্ষের শিক্ষার্থীরা। দাবিগুলো হচ্ছে- সেশন ফির আর্থিক স্বচ্ছতা নিশ্চিত করা, এক বছরের কর্মপরিকল্পনা ঘোষণা ও বাজেট প্রকাশ, কলেজের বিভিন্ন কমিটিতে থাকা শিক্ষকদের নাম প্রকাশ করা, কেন্দ্রীয় লাইব্রেরি সংস্কার, চিকিৎসাসেবা নিশ্চিতকরণ, অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করা, ক্যাফেটেরিয়া চালু করা, অডিটরিয়াম উন্মুক্ত করে দেওয়া ২ এর পাতায় দেখুন

# উজিরপুরে রাস্তা পার হতে গিয়ে হানিফের চাপায় দাদি-নাতির মৃত্যু

উজিরপুর প্রতিনিধি

বরিশালের উজিরপুরে সড়ক দুর্ঘটনায় দাদি-নাতির মর্মান্তিক মৃত্যু হয়েছে। মঙ্গলবার (৫ মে) দুপুর আনুমানিক সাড়ে ১২টায় ঢাকা-বরিশাল মহাসড়কের জয়শ্রী বাসস্ট্যান্ড এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন- উপজেলার পশ্চিম জয়শ্রী এলাকার মৃত পান্নু কাজীর স্ত্রী রোকসানা ইয়াসমিন (৬৫) ও তার নাতনি আরফা আক্তার (৭)। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা যায়, ঢাকা থেকে ছেড়ে আসা বরিশালগামী হানিফ পরিবহনের একটি বাস (রেজিঃ ঢাকা মেট্রো-ব-১২-৩৬৭১) দ্রুত ও বেপরোয়া গতিতে রাস্তা পারাপারের সময় দুই পথচারীকে ধাক্কা দেয়। এতে গুরুতর আহত হন রোকসানা ইয়াসমিন ও শিশু আরফা। পরে স্থানীয়রা তাদের উদ্ধার করে উজিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক উভয়কে মৃত ঘোষণা করেন। জানা গেছে, শিশু আরফা পশ্চিম জয়শ্রী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ছিল। প্রতিদিনের মতো সেদিনও ক্লাস শেষে বাড়ি ফেরার পথে এই দুর্ঘটনার শিকার হয় তারা। তার বাবা রুবেল কাজী মালয়েশিয়া প্রবাসী। গৌরনদী হাইওয়ে থানার (ওসি) মহসিন হোসেন বলেন, নিহতের ঘটনায় পরিবারের পক্ষ থেকে এখনো কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

## ঝড়-বৃষ্টির দাপট শেষে বাড়তে পারে তাপমাত্রা

কীর্তনখোলা ডেস্ক

সারাদেশে আগামী পাঁচ দিন ঝড়-বৃষ্টির সম্ভাবনার কথা জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ থেকে উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত থাকায় এ সময়ে দেশের বিভিন্ন বিভাগে দমকা হাওয়াসহ বৃষ্টি বা বজ্রবৃষ্টির হতে পারে। তবে সপ্তাহের শেষভাগে বৃষ্টিপাত কমে তাপমাত্রা বাড়তে পারে বলে জানিয়েছে সংস্থাটি। মঙ্গলবার (০৫ মে) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ মো. তরিফুল নেওয়াজ কবির-এর দেওয়া পূর্বাভাসে এ তথ্য জানানো হয়। আবহাওয়া অধিদপ্তর জানায়, আগামী ২৪ ঘণ্টায় রংপুর, খুলনা, ময়মনসিংহ, বরিশাল ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, ঢাকা ও চট্টগ্রাম বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারি ধরনের ২ এর পাতায় দেখুন

# পিরোজপুরের স্থগিত সড়ক প্রকল্প পুনরায় চালুর নির্দেশনা প্রধানমন্ত্রীর

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরের স্থগিত সড়ক প্রকল্প পুনরায় চালুর নির্দেশনা প্রধানমন্ত্রীর পিরোজপুর জেলার তিনটি সংসদীয় আসনের সার্বিক উন্নয়ন এবং দুর্নীতির কারণে দীর্ঘদিন ধরে স্থগিত হয়ে থাকা সড়ক নির্মাণ কাজ পুনরায় শুরু করার বিষয়ে মঙ্গলবার (৫ মে) প্রধানমন্ত্রীর কার্যালয়ে গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে প্রধানমন্ত্রী তারেক রহমান পিরোজপুর জেলার তিন সংসদীয় আসনের সংসদ সদস্যদের সঙ্গে প্রায় ৩০ মিনিটেরও বেশি সময় ধরে আলোচনা করেন। তিনি মনোযোগ সহকারে সংশ্লিষ্টদের বক্তব্য শোনেন এবং জেলার উন্নয়ন ত্বরান্বিত করতে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন। ২ এর পাতায় দেখুন

বরিশাল কেন্দ্রীয় কারাগারে কারাবন্দীদের সাথে সাক্ষাৎ করে সার্বিক খোঁজ খবর নেন বরিশালের সিনিয়র জেলা ও দায়রা জজ শেখ ফারুক হোসেন -কীর্তনখোলা

# ৩০ লাখ টাকায় মুক্তি মিলবে লিবিয়ায় মাফিয়াদের হাতে জিম্মি আসাদুলের

আগৈলঝাড়া প্রতিনিধি

লিবিয়ায় মাফিয়া চক্রের হাতে জিম্মি হয়ে গত দুই মাস ধরে নির্যাতনের শিকার হচ্ছেন বরিশালের আগৈলঝাড়া উপজেলার আসাদুল বক্তিয়ার নামের এক যুবক। পরিবারের অভিযোগ, নির্যাতনের রোমহর্ষক ভিডিও পাঠিয়ে তাদের কাছে ৩০ লাখ টাকা মুক্তিপণ দাবি করেছে চক্রটি। ইতিমধ্যে ধারদেনা করে ৪ লাখ টাকা দেওয়া হলেও, বাকি টাকা আগামী দুই দিনের মধ্যে না দিলে আসাদুলকে হত্যার পর চার টুকরো করে মরুভূমিতে ফেলে দেওয়ার হুমকি দিচ্ছে মাফিয়ারা। আসাদুল উপজেলার চাত্রিশিরা গ্রামের আবু বক্তিয়ারের ছেলে। সংসারে সচ্ছলতা ফেরাতে ২০২২ সালের ১১ অক্টোবর ভিজিট ভিসায় আত্মীয় এরফান সরদারের মাধ্যমে বৈধ পথে তিনি লিবিয়ায় যান। সেখানে আনজারা শহরে মসজিদের পাশে একটি দোকানে টেইলারিংয়ের কাজ করে মাসে ২০-২৫ হাজার টাকা দেশে পাঠাতেন। পরিবার জানায়, গত ৯ রমজান সেহরি খাওয়ার পর ভোররাতে ৫-৬ জনের একটি মাফিয়া দল তাকে বাসা থেকে জোরপূর্বক তুলে নিয়ে যায়। এরপর তাদের আস্তানায় আটকে রেখে হাত-পা বেঁধে উল্টো করে ঝুলিয়ে ও বিবস্ত্র করে বেদম মারধর করা হয়। চাকু দিয়ে খুঁচিয়ে রক্ত ঝরানো ও হাত-পায়ের নখ উপড়ে ফেলার হুমকি দিয়ে সেই দৃশ্য ভিডিও কলে দেশে থাকা পরিবারকে দেখিয়ে ৩০ লাখ টাকা মুক্তিপণ দাবি করা হয়। লিবিয়ায় থাকা আসাদুলের শ্যালক এরফান সরদার বিষয়টি স্থানীয় ২ এর পাতায় দেখুন

# বরিশাল মহানগর পুলিশের নতুন কমিশনার আশিক সাঈদ

কীর্তনখোলা রিপোর্ট

পুলিশ অধিদফতরের ডিআইজি মো. আশিক সাঈদকে বরিশাল মহানগর পুলিশ কমিশনার হিসেবে বদলি করা হয়েছে। সেই সঙ্গে বরিশাল মহানগর পুলিশ কমিশনার সফিকুল ইসলামকে ট্যুরিস্ট পুলিশের ডিআইজি হিসেবে বদলি করা হয়েছে। মঙ্গলবার (৫ মে) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে এই বদলি করা হয়। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পৃথক প্রজ্ঞাপনে পুলিশে উপ-পুলিশ মহাপরিদর্শক (ডিআইজি), অতিরিক্ত ২ এর পাতায় দেখুন

## তদন্তে মিলল ভিন্ন চিত্র
# বাউফলে টয়লেট নির্মাণে 'দুই কোটি টাকা' বিতর্ক

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফল উপজেলায় একটি টয়লেট নির্মাণে দুই কোটি টাকা ব্যয়ের তথ্য সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর দেশজুড়ে ব্যাপক আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়েছে। তবে ঘটনাটির বাস্তবতা যাচাইয়ে সামনে এসেছে ভিন্ন তথ্য, যা মূলত একটি টাইপজনিত ভুল থেকে সৃষ্ট বিভ্রান্তি বলে দাবি সংশ্লিষ্টদের। জানা যায়, উপজেলার সূর্যমণি ইউনিয়নের রামনগর গ্রামে ইদু হাওলাদারের বাড়ির সামনে মসজিদের পাশে মুসল্লিদের ২ এর পাতায় দেখুন


শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

| | | | |
|---|---|---|---|
| বুক ভিলা<br>সদর রোড, বরিশাল<br>01932-314219 | ইসলামিয়া লাইব্রেরি<br>প্যারারারোড, সদর রোড, বরিশাল<br>01711-264963 | অংকুর লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01708-868515 | অংকুর লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01708-868514 |
| খন্দকার লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01711-047767 | নিউ মাহবুব লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01763-107720 | রহমান বুক হাউজ<br>প্যারারারোড, সদর রোড, বরিশাল<br>01718-670945 | মজুমদার লাইব্রেরি<br>অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল<br>01716-139268 |
| অমৃত লাইব্রেরি<br>অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল<br>01719-408049 | নিউ কলেজ লাইব্রেরি<br>বি.এম কলেজের সামনে<br>01726-074663 | হক লাইব্রেরি<br>বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে<br>01724-851658 | আশরাফিয়া লাইব্রেরি<br>বি.এম কলেজ মসজিদ গেট<br>01717-488083 |



দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

# সম্পাদকীয়

## সুরক্ষাবলয় তৈরি করা জরুরি

দেশের অর্থনীতির চাকা ঠিকমতো চলছে না। নতুন বিনিয়োগ নেই। উৎপাদন ব্যয় বৃদ্ধি। শিল্প ও কৃষি উভয় খাতই ধুঁকছে। অপরিহার্য নিত্যপণ্যের মূল্যবৃদ্ধির পাশাপাশি পাল্লা দিয়ে বেড়ে চলেছে স্কুল-কলেজের ফি, চিকিৎসা ব্যয়, যাতায়াত ভাড়াসহ সামগ্রিক জীবনযাত্রার খরচ। মানুষের আয় না বাড়লেও ব্যয় বেড়েছে অনেক। জনগোষ্ঠীর একটি বড় অংশ ঋণগ্রস্ত হয়ে পড়েছে। তারা ভবিষ্যতের জন্য রাখা সামান্য সঞ্চয় ভেঙে নিত্যদিনের খরচা মেটাচ্ছে। প্রকাশিত প্রতিবেদনে এই উদ্বেগজনক চিত্র উঠে এসেছে। বিশ্লেষকরা মনে করেন, একটি দেশের অর্থনীতিতে মধ্যবিত্ত শ্রেণির গুরুত্ব অপরিসীম। তারাই দেশের অর্থনীতিকে মজবুত ভিতের ওপর দাঁড় করাতে সহায়তা করে। নিয়মিত কর দেয়, সঞ্চয় করে, আবার নতুন নতুন পণ্য ক্রয়ের মধ্য দিয়ে বাজারে চাহিদাও তৈরি করে। এ কারণে দেখা যায়, বিভিন্ন দেশে মধ্যবিত্ত শ্রেণিকে সুরক্ষায় সুনির্দিষ্ট নীতিমালা গ্রহণ করা হয়েছে। কিন্তু দুর্ভাগ্যজনক হলেও সত্যি যে বাংলাদেশে মধ্যবিত্তদের জন্য এখন পর্যন্ত এ ধরনের সুরক্ষাবলয় নেই, বরং প্রতিবছর বাজেটে মধ্যবিত্তের ওপর করের বোঝা ভারী করা হয়। বাংলাদেশে মধ্যবিত্তের মোট সংখ্যা সুনির্দিষ্ট না হলেও এই সংখ্যা তিন কোটির নিচে নয়, যা মোট জনগোষ্ঠীর প্রায় ২০ শতাংশ। বোস্টন কনসাল্টিং গ্রুপের হিসাব অনুযায়ী, প্রতিবছর ২০ লাখ লোক নতুন করে মধ্যবিত্ত শ্রেণিতে যুক্ত হচ্ছে। মধ্যবিত্ত শ্রেণির সংকটের বড় কারণ নির্দিষ্ট আয়। তার পরও নির্দিষ্ট মাসিক আয় থেকে বাঁচিয়ে অল্প হলেও সঞ্চয়ের মানসিকতা থাকে তাদের। কিন্তু বর্তমান পরিস্থিতি অত্যন্ত নাজুক, দেয়ালে পিঠ ঠেকে গেছে। তাই বিপদ-আপদে ভরসার সঞ্চয়ও আর ধরে রাখা সম্ভব হচ্ছে না। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ তথ্য বলছে, গত ছয় মাসে সঞ্চয়পত্র ভাঙার পরিমাণ ৩২ হাজার কোটি টাকা ছাড়িয়েছে। খবরে বলা হয়েছে, বর্তমানে উচ্চ মূল্যস্ফীতির কারণে দেশের এক-তৃতীয়াংশ পরিবার এখন ঋণনির্ভর হয়ে পড়েছে। দেখা যাচ্ছে, ২০২২ সালে একটি মধ্যবিত্ত পরিবারের মাসিক গড় আয় ছিল ৪৫ হাজার ৫৭৮ টাকা, সেটি এখন প্রকৃত অঙ্কে দাঁড়িয়েছে ৪০ হাজার ৫৭৮ টাকায়। অর্থনীতি বিশ্লেষক ও ফিন্যানশিয়াল এক্সিলেন্স লিমিটেডের চেয়ারম্যান মামুন রশীদ মনে করেন, দেশের অর্থনীতির টেকসই প্রবৃদ্ধির পূর্বশর্ত হলো মধ্যবিত্তের হাতে বাড়তি অর্থের প্রবাহ রাখা। বাজারে চাহিদা তৈরি ও নতুন পণ্যসেবার প্রসারে মধ্যবিত্ত শ্রেণি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এসব কারণে বিভিন্ন দেশের সরকার নীতিনির্ধারণে মধ্যবিত্তের হাতে তুলনামূলক বেশি অর্থ রাখার বিষয়ে সচেতন থাকে। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি ও ইফাদ গ্রুপের ভাইস চেয়ারম্যান তাসকীন আহমেদ বলেছেন, 'বর্তমান প্রেক্ষাপটে উদীয়মান মধ্যবিত্তই দেশের অর্থনীতির মেরুদণ্ড। কাজেই আমাদেরও উচিত দেশের ক্রমবর্ধমান মধ্যবিত্ত শ্রেণির জন্য বিশেষ সুরক্ষাবলয় তৈরি করা।' আর কয়েক দিন পর আসছে নতুন বাজেট। এটি বিএনপি নেতৃত্বাধীন সরকারের প্রথম বাজেট। আমরা আশা করছি, এই সরকার দেশের মধ্যবিত্ত শ্রেণিকে সুরক্ষায় বিশেষ নজর দেবে। দীর্ঘ মেয়াদে কাঠামোগত সুরক্ষা নিশ্চিত করতে প্রয়োজনীয় উদ্যোগ নেবে। এ লক্ষ্যে করমুক্ত আয়সীমা বাড়ানো, করছাড়, স্বাস্থ্য বীমায় সরকারি ভর্তুকি, স্বল্প সুদে আবাসন ঋণসহ বিভিন্ন পদক্ষেপ বিবেচনায় নেওয়া যেতে পারে।

## এরশাদের মতো দেশ

বলেছেন, হোসেন মোহাম্মদ এরশাদ যেমন সারা দেশে প্রশাসক নিয়োগ দিয়ে রাষ্ট্র পরিচালনা করেছিলেন, তারেক রহমান ঠিক এরশাদের মতোই রাষ্ট্র পরিচালনা করতে চাচ্ছেন। তিনি বলেন, তারা বারবার গণতন্ত্রকে তাদের একমাত্র রাজনীতির বস্তু হিসেবে ব্যবহার করেছেন বিগত ১৭/১৮ বছর। কিন্তু নির্বাচিত হওয়ার পরপর তারা গণতন্ত্র ভুলে গেছেন। তারা এখন সব জায়গায় ধরে ধরে নিজেদের লোক বসিয়ে দিয়েছেন। যারা জনপ্রতিনিধি হতে ব্যর্থ হয়েছেন, নির্বাচনে পরাজিত হয়েছেন এবং যারা নির্বাচনে মনোনয়ন বঞ্চিত হয়েছেন। তাদের দিয়ে এখন স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলো চালানোর পাঁয়তারা চলছে। মঙ্গলবার (৫ মে) রাজধানীর বাংলামোটর রূপায়ণ টাওয়ারে দলের অস্থায়ী কার্যালয়ে রাজনৈতিক ও বিভিন্ন শ্রেণি পেশার নাগরিকের যোগদান অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। ক্ষমতাসীন সরকারকে আহ্বান জানিয়ে আসিফ মাহমুদ বলেন, আপনারা দ্রুত নির্বাচনের মাধ্যমে আবারও স্থানীয় সরকারের যে অচল অবস্থা আছে, সেটা ভেঙে জনগণকে জনগণের যে সেবার যে কাজ সেটা অব্যাহত রাখার জন্য স্থানীয়ভাবে নির্বাচন আয়োজন করুন। নইলে এরশাদের মতো দেশ চালালে এরশাদের মতোই পরিণতি ভোগ করতে হতে পারে সেটাও মাথায় রাখবেন। পশ্চিমবঙ্গের নির্বাচন প্রসঙ্গ টেনে এনসিপির মুখপাত্র বলেন, পশ্চিমবঙ্গে নির্বাচনে প্রধানমন্ত্রী হলেন। আমরা দেখছি যে বিগত সময়ে যারা পশ্চিমবঙ্গের সরকারে ছিলেন তাদের সঙ্গে খুব সুসম্পর্ক না থাকলেও তারা বাংলাদেশকে নিয়ে বাজে মন্তব্য করেছেন। এখন আমরা বর্তমানে যারা আছেন তাদের থেকে সেরকমটা ছিল না। আমরা তাদের আহ্বান জানাবো, আপনাদের বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয় নিয়ে কথা না বলাই ভালো। তিনি বলেন, আমাদের অভ্যন্তরীণ বিষয় দেখার জন্য বাংলাদেশের দলগুলোই যথেষ্ট। আমরা এটাও শঙ্কা প্রকাশ করছি, যে উগ্রপন্থিরা সেখানে ক্ষমতায় আসছে, আগামীতে আমাদের সম্পর্ক কেমন হবে? কিংবা পরিস্থিতি কিরকম হবে? এটা নিয়ে এখন আমাদের শঙ্কা আছে। আমরা বাংলাদেশের পক্ষ থেকে বাংলাদেশের সার্বভৌমত্ব এবং বাংলাদেশের মাথা উঁচু করে দাঁড়িয়ে থাকার জন্য আমাদের রাজনৈতিক লড়াই অব্যত রাখবো। এ সময় আরও উপস্থিত ছিলেন এনসিপির স্থানীয় সরকার (উপজেলা ও পৌরসভা) নির্বাচন পরিচালনা কমিটির মুখপাত্র ও উত্তরাঞ্চলীয় মুখ্য সমন্বয়ক সারজিস আলম, সংসদ সদস্য ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক আবদুল হান্নান মাসউদসহ আরও অনেকেই।

## এত চমৎকার নির্বাচন

ও অসামরিক বাহিনী একসঙ্গে কাজ করলে যেকোনো কঠিন কাজও সফলভাবে সম্পন্ন করা সম্ভব, এ নির্বাচন তার প্রমাণ। মঙ্গলবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসক (ডিসি) সম্মেলনে বক্তব্য দিতে গিয়ে সেনাপ্রধান এসব কথা বলেন। সম্মেলনের আগে নৌবাহিনী ও বিমানবাহিনীর প্রধান এবং প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টাও বক্তব্য দেন। সেনাপ্রধান বলেন, 'আমি আপনাদের ধন্যবাদ ও অভিনন্দন জানাচ্ছি। আপনারা জাতিকে একটি চমৎকার নির্বাচন উপহার দিয়েছেন। আমরা পাশে ছিলাম, কিন্তু নির্বাচন আয়োজনের দায়িত্ব পুরোপুরি আপনাদের ওপরই ছিল।' সেনাপ্রধান বলেন, 'একসময় দেশে আশা-নিরাশার পরিস্থিতি তৈরি হয়েছিল। অনেকেই বলেছিলেন, নির্বাচন হবে না। কিন্তু আমরা সেটিকে ভুল প্রমাণ করে দেশ ও জাতিকে একটি গণতান্ত্রিক প্রক্রিয়ায় ফিরিয়ে এনেছি। এটি ছোট কোনো অর্জন নয়।' ডিসিদের উদ্দেশে সেনাপ্রধান বলেন, 'যেকোনো প্রয়োজনে সেনাবাহিনীর সহায়তা চাইলে তা দ্রুত পাওয়া যাবে। সংশ্লিষ্ট সেনা ফরমেশনকে জানালে তারা তাৎক্ষণিকভাবে সহযোগিতা করবে। দুর্যোগ, দুর্ঘটনা বা অন্য যেকোনো পরিস্থিতিতে আপনাদের সহযোগী করতে তারা প্রস্তুত রয়েছে।'

## শাপলা চত্বরে হত্যাকাণ্ডে

কমিশন গঠন করার দাবি জানিয়েছেন জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা শফিকুর রহমান। একই সঙ্গে এই হত্যাকাণ্ডের সঙ্গে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার দাবিও জানান তিনি। মঙ্গলবার (৫ মে) গণমাধ্যমে পাঠানো এসব দাবি জানিয়েছেন জামায়াতের আমির। বিবৃতিতে শফিকুর রহমান বলেন, ২০১৩ সালের ৫ মে রাজধানী ঢাকার শাপলা চত্বরে সংঘটিত নারকীয় হত্যাকাণ্ডের ঘটনার একটি স্বাধীন, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য তদন্ত কমিশন গঠন করে প্রকৃত ঘটনা জাতির সামনে উন্মোচন এবং হত্যাকাণ্ডের সঙ্গে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার দাবি জানাচ্ছি। দেশের ইতিহাসে এই ঘটনাকে একটি বেদনাবিধুর ও কলঙ্কজনক অধ্যায় বলে আখ্যা দেন বিরোধীদলীয় নেতা। তিনি বলেন, সেদিন ধর্মপ্রাণ তাওহিদী জনতার ওপর যে নির্মম অভিযান পরিচালিত হয়েছিল, তা জাতির বিবেককে গভীরভাবে নাড়া দিয়েছিল। এই নারকীয় হত্যাকাণ্ড মানবতা, ন্যায়বিচার ও গণতান্ত্রিক মূল্যবোধের সম্পূর্ণ পরিপন্থী একটি জঘন্যতম ঘটনা। জামায়াত আমির আরও বলেন, দীর্ঘ সময় পেরিয়ে গেলেও আজ পর্যন্ত এ ঘটনার সুষ্ঠু, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য বিচার না হওয়া অত্যন্ত দুঃখজনক। এই মর্মান্তিক ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ বিচার এখনো সম্পন্ন না হওয়ায় ভুক্তভোগী পরিবারগুলো ন্যায়বিচার থেকে বঞ্চিত হচ্ছে এবং দেশের জনগণের মধ্যে হতাশা ও ক্ষোভের সৃষ্টি হচ্ছে। বিচারহীনতার সংস্কৃতি কোনো সভ্য রাষ্ট্রে কাম্য হতে পারে না। গণতান্ত্রিক রাষ্ট্রে জনগণের শান্তিপূর্ণ সমাবেশ ও মতপ্রকাশের অধিকার সাংবিধানিকভাবে স্বীকৃত বলে উল্লেখ করেন শফিকুর রহমান। সেই অধিকারকে দমন করতে শক্তি প্রয়োগ এবং প্রাণহানির ঘটনা কখনোই গ্রহণযোগ্য হতে পারে না বলে মন্তব্য করে তিনি বলেন, এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে সত্য উদ্?ঘাটন এবং দায়ীদের আইনের আওতায় আনা অত্যন্ত জরুরি।

## এক বছরের মধ্যেই সব

পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। মঙ্গলবার (৫ মে) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসক (ডিসি) সম্মেলনের ষষ্ঠ অধিবেশনে অংশ নেওয়া শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান। জেলা প্রশাসকদের সঙ্গে স্থানীয় সরকারবিষয়ক এ অধিবেশনটি হয়। মির্জা ফখরুল বলেন, 'আমরা আগেও বলেছি, এখনো বলছি- আমরা চাই, চেষ্টা করবো, এক বছরের মধ্যে আগামী স্থানীয় সরকার নির্বাচন হয়ে যাওয়ার জন্য।' স্থানীয় সরকার ব্যবস্থাকে শক্তিশালী করার ওপর জোর দিয়ে মন্ত্রী বলেন, 'স্থানীয় সরকার শক্তিশালী করতে পারলে রাষ্ট্র শক্তিশালী হবে। ডিসি সম্মেলনে আমরা তাদের সামনে এই কথাটাই বলার চেষ্টা করেছি।' উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে জেলা প্রশাসকদের নেতৃত্ব দেওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, 'আমাদের সরকারের, বিশেষ করে প্রধানমন্ত্রী তারেক রহমানের নেওয়া কর্মসূচিগুলো বাস্তবায়নের ক্ষেত্রে সংসদ সদস্য ও স্থানীয় সরকারের অন্য সদস্যদের সঙ্গে নিয়ে কাজ করতে হবে।' জনগণকে সঙ্গে নিয়ে কাজ করার তাগিদ দিয়ে স্থানীয় সরকারমন্ত্রী বলেন, 'সবচেয়ে বড় কথা হচ্ছে, আমরা ডিসিদের বলেছি জনগণকে সঙ্গে নিয়েই কাজ করতে হবে। কারণ জনগণই এই দেশের মালিক। তৃণমূল পর্যায়ের মানুষই সবকিছু নির্ধারণ করেন।' ডিসি সম্মেলনের গুরুত্ব তুলে ধরে মির্জা ফখরুল জানান, সরকারের জেলা পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে মন্ত্রণালয়ের এমন মতবিনিময় অত্যন্ত ফলপ্রসূ। ভবিষ্যতে এ ধরনের মতবিনিময় ও যোগাযোগ আরও বাড়ানোর কথা বলা হয়েছে।

## বাউফলে টয়লেট নির্মাণে

ব্যবহারের জন্য টয়লেটটি নির্মাণ করা হয়। ২০২৪-২৫ অর্থবছরে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) রাজস্ব তহবিলের আওতায় প্রকল্পটি বাস্তবায়ন করে। নির্মাণ শেষে টয়লেটের দেয়ালে স্থাপিত নামফলকে ব্যয় লেখা হয় ১ কোটি ৯৯ লাখ ৯৯ হাজার ৯৩ টাকা। একটি ছোট অবকাঠামোর জন্য এমন ব্যয়ের অঙ্ক দেখে স্থানীয়দের মধ্যে বিস্ময় দেখা দেয়। পরে কয়েকজন যুবক বিষয়টি ভিডিও করে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ করলে তা দ্রুত ভাইরাল হয়ে পড়ে। অনলাইনে অনেকেই এটিকে দুর্নীতির উদাহরণ হিসেবে আখ্যা দেন। কেউ কেউ ব্যঙ্গ-বিদ্রুপের মাধ্যমে প্রতিক্রিয়াও জানান। এতে বিষয়টি জাতীয় পর্যায়ে আলোচনার কেন্দ্রবিন্দুতে উঠে আসে। তবে সরেজমিন খোঁজখবর ও সংশ্লিষ্ট দপ্তরের বক্তব্যে জানা গেছে, প্রকৃত ব্যয় প্রায় ১ লাখ ৯৯ হাজার ৯৯৯ টাকা ৯৩ পয়সা। নামফলক তৈরির সময় ভুলবশত অতিরিক্ত শূন্য যুক্ত হওয়ায় এই বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। মসজিদ কমিটির সভাপতি আব্দুল করিম হাওলাদার জানান, নামফলকে উল্লিখিত ব্যয়ের অঙ্ক দেখে তাঁরাও বিস্মিত হয়েছেন। পরে খোঁজ নিয়ে প্রকৃত তথ্য জানতে পারেন। বাউফল উপজেলা প্রকৌশলী আরজুরুল হক জানান, এটি সম্পূর্ণ প্রিন্টিংজনিত ভুল। বিষয়টি জানার পর সংশোধনের উদ্যোগ নেওয়া হয়েছে। উপজেলা প্রশাসনের পক্ষ থেকেও একই ব্যাখ্যা দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তারা জানিয়েছেন, অনিচ্ছাকৃত এই ভুলের কারণে বিভ্রান্তি তৈরি হয়েছে, যা দ্রুত ঠিক করা হচ্ছে। এদিকে স্থানীয়দের একাংশের দাবি, বিষয়টি অতিরঞ্জিত করে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে দেওয়ায় পরিস্থিতি আরও জটিল হয়েছে। সচেতন মহলের মতে, সরকারি তথ্য প্রকাশে আরও সতর্কতা প্রয়োজন। পাশাপাশি যাচাই-বাছাই ছাড়া কোনো তথ্য প্রচার না করার বিষয়েও সবাইকে দায়িত্বশীল হতে হবে।

## বরিশাল মহানগর পুলিশের নতুন

ডিআইজি এবং পুলিশ সুপার (এসপি) পদমর্যাদার ৩৯ কর্মকর্তাকে একযোগে বদলি ও নতুন পদে পদায়ন করা হয়। প্রজ্ঞাপন অনুযায়ী, বরিশাল মেট্রোপলিটন পুলিশের (বিএমপি) নতুন কমিশনার হিসেবে দায়িত্ব দেয়া হয়েছে ডিআইজি মো. আশিক সাঈদকে। বিদায়ী বিএমপি কমিশনার মো. শফিকুল ইসলামকে টুরিস্ট পুলিশে বদলি করা হয়েছে। এছাড়া রাজশাহী মহানগর পুলিশ (আরএমপি) কমিশনার মো. জিললুর রহমানকে সিলেট রেঞ্জের ডিআইজি হিসেবে বদলি করা হয়েছে। আরএমপির নতুন কমিশনার হিসেবে দায়িত্ব পেয়েছেন এসবির ডিআইজি মোহা. ফয়েজুল কবির।

## ৩০ লাখ টাকায় মুক্তি মিলবে লিবিয়ায়

দুটি থানায় জানালে মাফিয়ারা ক্ষিপ্ত হয়ে তাকেও খুঁজতে শুরু করে। জীবনের নিরাপত্তাহীনতায় এরফান গত ৩০ মার্চ বাংলাদেশে পালিয়ে আসেন এবং বোন নিপা বেগমকে সঙ্গে নিয়ে প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ে ঘটনার বিবরণ দিয়ে লিখিত অভিযোগ দায়ের করেন। অভিযোগের বিষয়টি জানতে পেরে মাফিয়ারা আসাদুলের ওপর নির্যাতনের মাত্রা আরও বাড়িয়ে দেয়। নির্যাতনের মাত্রা সইতে না পেরে ভিডিও কলে আসাদুল তার জীবন বাঁচানোর আকুতি জানান। নিরুপায় হয়ে পরিবার সুদে ৩ লাখ ও শ্বশুরবাড়ি থেকে ১ লাখ টাকা জোগাড় করে রোববার ও সোমবার ব্যাংক ও বিকাশের মাধ্যমে মাফিয়াদের ৪ লাখ টাকা প্রদান করে। কিন্তু মাফিয়ারা জানিয়ে দেয়, দুই দিনের মধ্যে বাকি টাকা না দিলে আসাদুলকে কেটে ৪ টুকরো করে মরুভূমিতে ফেলে দেওয়া হবে। ছেলের এমন পরিণতিতে দিশেহারা পিতা আবু বক্তিয়ার বলেন, "ফিয়ারা ৩০ লাখ টাকা চায়, দুই মাসে এক টাকাও জোগাড় করতে পারি নাই। ছেলেকে ঝুলিয়ে পিটাচ্ছে, শরীর থেকে রক্ত ঝরছে। সম্পত্তি থাকলে বিক্রি করে টাকা দিতাম। একজন পিতা হয়ে ছেলের এমন করুণ পরিণতি দেখে কীভাবে সইব? সরকার ও প্রশাসনের কাছে দাবি, আমার কলিজার টুকরা বাবারে আইনা দেন।" আসাদুলের মা বকুল বেগম ও স্ত্রী নিপা বেগমও কান্নায় ভেঙে পড়ে স্বামীকে উদ্ধারের জন্য প্রশাসন ও সরকারের কাছে আকুতি জানিয়েছেন। বাবার ফেরার অপেক্ষায় পথ চেয়ে আছে আসাদুলের দুই ছেলে হামিম ও শামিম। মা বকুল বেগম বলেন, "ওরা টাকার জন্য আমার ছেলেকে ঝুলিয়ে পিটাচ্ছে এবং চাকু দিয়ে শরীর থেকে রক্ত ঝরাচ্ছে। আমি তো একজন মা, তা দেখে কীভাবে সহ্য করব? আমাদের সহায়-সম্বল কিছুই নেই। কীভাবে ছেলেকে ছাড়িয়ে আনব? দুই মাসে আমাদের নাওয়া-খাওয়া, ঘুম নেই। কীভাবে বেঁচে আছি, আল্লাহই জানেন।" স্ত্রী নিপা বেগম জানান, "বাকি টাকা দুই দিনের মধ্যে না দিলে তাকে মেরে ফেলবে বলে হুমকি দিচ্ছে। স্বামী আমাকে বলে বাঁচাও এখন আমি কী করব? আমি কীভাবে তাকে বাঁচাব?" এ ব্যাপারে আগৈলঝাড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা লিখন বনিক বলেন, লিবিয়ায় এক যুবককে অপহরণ করে মুক্তিপণ আদায়ের বিষয়টি মিডিয়া কর্মীর মাধ্যমে আমি জানতে পেরেছি। ওই পরিবার আমার কাছে লিখিতভাবে জানালে ওই কপি আমি পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণসহ ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করব।

## বিশ্বজুড়ে নতুন আতঙ্ক

যা দ্রুত মিউটেশন ঘটাতে পারে। সাধারণত ইঁদুরজাতীয় প্রাণীর দেহে এই ভাইরাস বাস করে এবং তাদের মলমূত্র, লালা বা দেহাবশেষ থেকে মানুষের শরীরে ছড়িয়ে পড়ে। ২০২৫ সালে বিষয়টি নতুন করে আলোচনায় আসে, যখন অস্কারজয়ী অভিনেতা জিন হ্যাকম্যানের স্ত্রী এই সংক্রমণে মারা যান বলে খবর প্রকাশিত হয়। সেই ঘটনার পর থেকেই ভাইরাসটি নিয়ে সাধারণ মানুষের আগ্রহ বাড়ে। এবার সমুদ্রের মাঝখানে একটি প্রমোদতরিতে সম্ভাব্য সংক্রমণ আতঙ্ককে আরও বাড়িয়ে দিয়েছে। হান্টাভাইরাস সরাসরি বাতাসে ভাসমান ধুলিকণার মাধ্যমে মানুষের শরীরে প্রবেশ করতে পারে। বিশেষ করে যেখানে ইঁদুরের উপস্থিতি বেশি, সেখানে ঝুঁকি বাড়ে। গুদামঘর, খামার বা পুরোনো বাড়িতে জমে থাকা ধুলা ও ময়লার মাধ্যমে এই ভাইরাস সহজেই ছড়াতে পারে। সবচেয়ে উদ্বেগজনক বিষয় হলো, সংক্রমণের শুরুতে এর লক্ষণ খুব সাধারণ- জ্বর, মাথাব্যথা, পেশির ব্যথা, দুর্বলতা। ফলে অনেক সময় রোগটি ধরা পড়ে না। কিন্তু কয়েক দিনের মধ্যেই পরিস্থিতি ভয়াবহ হয়ে উঠতে পারে। ভাইরাসটি শরীরে ঢোকার পর প্রথমে ফুসফুস ও কিডনিকে আক্রমণ করে। ধীরে ধীরে এটি শ্বাসনালিতে ছড়িয়ে পড়ে এবং ফুসফুসে মারাত্মক সংক্রমণ তৈরি করে। এর ফলে দেখা দেয় হান্টাভাইরাস পালমোনারি সিনড্রোম' যেখানে রোগীর শ্বাস নিতে কষ্ট হয়, ফুসফুসে পানি জমে যায় এবং দ্রুত জীবনসংকট দেখা দিতে পারে। অন্যদিকে ইউরোপ ও এশিয়ার কিছু অঞ্চলে এই ভাইরাসের কারণে হেমোরেজিক ফিভার উইথ রেনাল সিনড্রোম, দেখা যায়, যা কিডনির ক্ষতি এবং রক্তক্ষরণের ঝুঁকি বাড়ায়। সবচেয়ে ভয়াবহ তথ্য হলো, এইচপিএস আক্রান্তদের মৃত্যুহার প্রায় ৩৮ শতাংশ পর্যন্ত হতে পারে। ফলে এই ভাইরাসকে হালকাভাবে নেওয়ার কোনো সুযোগ নেই। হান্টাভাইরাসের নির্দিষ্ট কোনো চিকিৎসা এখনো নেই। চিকিৎসা বলতে মূলত উপসর্গ অনুযায়ী সাপোর্টিভ কেয়ার দেওয়া হয়- বিশ্রাম, পর্যাপ্ত পানি পান এবং প্রয়োজন অনুযায়ী ওষুধ। গুরুতর অবস্থায় রোগীকে ভেন্টিলেটর বা উন্নত লাইফ সাপোর্টে রাখতে হয়। সংক্রমণের পর লক্ষণ প্রকাশ পেতে ১ থেকে ৮ সপ্তাহ পর্যন্ত সময় লাগতে পারে। এই দীর্ঘ 'নীরব সময়' ভাইরাসটিকে আরও বিপজ্জনক করে তোলে, কারণ অনেক ক্ষেত্রে রোগ শনাক্ত হতে দেরি হয়।

## ঝড়-বৃষ্টির দাপট শেষে

বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী বর্ষণ হতে পারে। সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। বুধবার (০৬ মে) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, রাজশাহী, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। বৃহস্পতিবার (০৭ মে) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রাজশাহী, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। শুক্রবার (০৮ মে) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা ও বরিশাল বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে এবং সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। শনিবার (০৯ মে) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে দেশের অন্যত্র আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে এবং সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। এছাড়া আগামী পাঁচদিন পর তাপমাত্রা আরো বাড়তে পারে বলে জানিয়েছে সংস্থাটি।

## হাম ও হামের উপসর্গ

সংখ্যা ২৬৩ জন। ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন পাঁচ হাজার ৭২৬ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৪২ হাজার ৯৭৯ জন। এখন পর্যন্ত হাম সন্দেহে হাসপাতালে ভর্তি হয়েছেন ২৯ হাজার ৮৩১ জন এবং সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন ২৬ হাজার ৩৬৮ জন।

## পিরোজপুরের স্থগিত সড়ক প্রকল্প

বৈঠকে বিশেষভাবে উঠে আসে দুর্নীতির কারণে স্থগিত হয়ে থাকা এলজিইডির (খএউউ) উন্নয়ন প্রকল্পগুলোর বিষয়। জানা যায়, মোট ১১টি প্রকল্পের মধ্যে ৮টিই দীর্ঘদিন বন্ধ ছিল। এসব প্রকল্প দ্রুত পুনরায় চালুর জন্য প্রধানমন্ত্রী সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা দেন। পিরোজপুর-১ আসনের সংসদ সদস্য মাসুদ সাঈদী নাজিরপুর থেকে বৈঠাকাঠা পর্যন্ত প্রায় ১৭ কিলোমিটার সড়ক দ্রুত নির্মাণের জোর দাবি জানান। তিনি বলেন, দুর্নীতির মামলার নিষ্পত্তির অপেক্ষা না করে প্রয়োজনে রাজস্ব বাজেটের রক্ষণাবেক্ষণ খাত থেকে জরুরি বরাদ্দ দিয়ে কাজটি দ্রুত বাস্তবায়ন করা প্রয়োজন। বিষয়টি প্রধানমন্ত্রী গুরুত্ব সহকারে বিবেচনার আশ্বাস দেন। এছাড়াও পিরোজপুরের সার্বিক সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে একাধিক প্রস্তাব প্রধানমন্ত্রীর কাছে উপস্থাপন করা হয়। বৈঠকে আরও উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মীর শাহে আলম, গৃহায়ন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ও পিরোজপুর-২ আসনের সংসদ সদস্য আহমেদ সোহেল মঞ্জুর, পিরোজপুর-৩ আসনের সংসদ সদস্য রুহুল আমিন দুলাল, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সচিব শহীদুল ইসলাম, এলজিইডির প্রধান প্রকৌশলী বেলাল হোসেন এবং মনিটরিং ও ইভালুয়েশন বিভাগের সুপারিনটেন্ডিং ইঞ্জিনিয়ার রুহুল আমিন খানসহ প্রধানমন্ত্রীর কার্যালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা। বৈঠক শেষে সংশ্লিষ্টরা আশা প্রকাশ করেন, প্রধানমন্ত্রীর নির্দেশনার ফলে পিরোজপুর জেলার স্থগিত উন্নয়ন প্রকল্পগুলো দ্রুত বাস্তবায়নের মাধ্যমে জনদুর্ভোগ কমবে এবং যোগাযোগ ব্যবস্থায় ইতিবাচক পরিবর্তন আসবে।

## ১০ দফা দাবি আদায়ে বিএম

আন্তবিভাগ ও বহির্বিভাগে খেলাধুলা নিশ্চিত করা এবং ম্যাগাজিন প্রকাশ করা। আন্দোলনকারী তৃতীয় বর্ষের ছাত্র আবির সিকদার জানান, কর্তৃপক্ষকে সেশন চার্জের সব খাতে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। নতুবা তাঁরা কঠোর কর্মসূচি দেবেন। আন্দোলনরত শিক্ষার্থীরা পরে কলেজ প্রাঙ্গণ থেকে সামনের সড়ক প্রদক্ষিণ করে প্রশাসনিক ভবনের সামনে সমাবেশ করেন। এ ব্যাপারে বিএম কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক এ টি এম রাশেদুল ইসলাম বলেন, গত তিন দিন ধরে কলেজের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বর্ষের শিক্ষার্থীরা পৃথকভাবে দাবি জানিয়েছেন। আজও তৃতীয় বর্ষের শিক্ষার্থীরা স্মারকলিপি দেন। পরে অধ্যক্ষ স্মারকলিপির প্রতিটি বিষয় ধরে ব্যাখ্যা দিয়েছেন। যেগুলো বাস্তবায়ন হয়নি, সেগুলো দ্রুত বাস্তবায়ন করা হবে বলে আশ্বাস দেওয়া হয়। এতে শিক্ষার্থীরা আশ্বস্ত হয়ে ফিরে গেছেন। বর্তমানে ক্যাম্পাস শান্ত আছে।

## কোটি কোটি টাকা ব্যয়ের

জানান, রাস্তায় পানি জমে গেলে ব্যাটারি ও মোটরে পানি ঢুকে অটোরিকশা বিকল হয়ে যায়, ফলে আর্থিক ক্ষতির মুখে পড়তে হয়। দিনে যে কয়টা টাকা রোজগার হয় তা দিনশেষে অটোরিকশা মেরামত করতে শেষ হয়ে যায়। বিসিসির হিসাব শাখার তথ্য অনুযায়ী, ২০২৫-২৬ অর্থবছরে পরিচ্ছন্নতা খাতে ৬০ লাখ টাকা বাজেট নির্ধারণ করা হয়েছে। এছাড়া জরুরি পরিচ্ছন্নতা কার্যক্রমের জন্য চলতি অর্থবছর আরও ১৩ লাখ টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। তবে দায়িত্বশীল কর্মকর্তারা বলছেন, এ বরাদ্দ প্রয়োজনের তুলনায় অনেক কম। বিসিসির পরিচ্ছন্নতা কর্মকর্তা ইউসুফ আলী বলেন, জলাবদ্ধতা রোধে ড্রেন, নালা ও খাল পরিষ্কারের জন্য নিয়মিত বাজেট বরাদ্দ থাকে। তবে পানি উন্নয়ন বোর্ডের খাল খনন প্রকল্প কতটা কার্যকর হয়েছে, সে বিষয়ে তারাই ভালো বলতে পারবে। এ ব্যাপারে বিসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা রেজাউল বারী বলেন, নগরীর জলাবদ্ধতা সমস্যার স্থায়ী সমাধানে বড় পরিসরে খাল খনন প্রয়োজন। এজন্য নগরীর ২৯টি খাল পুনঃখননের লক্ষ্যে ৭৫৯ কোটি টাকার একটি প্রকল্প একনেকে অনুমোদনের অপেক্ষায় রয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে জলাবদ্ধতা পরিস্থিতির উল্লেখযোগ্য উন্নতি হবে বলে আশা করা হচ্ছে। তবে নাগরিক সংগঠন বরিশাল সাধারণ নাগরিক সমাজ (বসানাস) এর আহ্বায়ক কাজী মিজানুর রহমান বলেন, শুধু খাল খনন নয়, অপরিকল্পিত নগরায়ণ নিয়ন্ত্রণ এবং কার্যকর ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন ছাড়া জলাবদ্ধতার স্থায়ী সমাধান সম্ভব নয়। তিনি নগরীর মাস্টারপ্ল্যান বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন।

## সৌদি আরবে মারা

সদরের মো. নাসিরউদ্দিন বিশ্বাস (৫৮) ও চাঁপাইনবাবগঞ্জের সদর মডেলের মাহফুজা বেগম (৫২) মক্কায় ইন্তেকাল করেছেন। তাদের স্বাভাবিক মৃত্যু হয়েছে বলে জানিয়েছে ধর্ম মন্ত্রণালয়। অন্যদিকে এখন পর্যন্ত ১১৮টি হজ ফ্লাইটে সৌদি পৌঁছেছেন ৪৬ হাজার ৫১৪ জন বাংলাদেশি হজযাত্রী। এর মধ্যে সরকারি ব্যবস্থাপনার হজযাত্রী ৪ হাজার ৭১ জন ও বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রী ৪ হাজার ৪৪৩ জন। এখন পর্যন্ত বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ৫৪টি, সৌদি এয়ারলাইন্সের ৪৩টি ও ফ্লাইনাস এয়ারলাইন্স পরিচালিত ফ্লাইট সংখ্যা ২১টি। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২৬ মে সৌদি আরবে পবিত্র হজ অনুষ্ঠিত হবে। এবার বাংলাদেশ থেকে মোট ৭৮ হাজার ৫০০ জন হজ পালন করবেন। এর মধ্যে বেসরকারি ব্যবস্থাপনায় ৭৩ হাজার ৯৩৫ জন এবং সরকারি ব্যবস্থাপনায় ৪ হাজার ৫৬৫ জন হজযাত্রী রয়েছেন। গত ১৮ এপ্রিল ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে আনুষ্ঠানিকভাবে এ বছরের হজ ফ্লাইট কার্যক্রমের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। আগামী ৩১ মে পর্যন্ত সৌদি আরবে যাওয়ার ফ্লাইট চলবে। হজ শেষে ৩০ মে ফিরতি ফ্লাইট শুরু হবে। দেশে ফেরার ফ্লাইট শেষ হবে আগামী ৩০ জুন।

## বাংলাদেশ-যুক্তরাষ্ট্র বাণিজ্য চুক্তি নিয়ে অযথা উদ্বেগের কিছু নেই: বাণিজ্যমন্ত্রী

**কীর্তনখোলা ডেস্ক**

বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যকার বাণিজ্য চুক্তিকে পারস্পরিক স্বার্থে কাজে লাগানোর ওপর গুরুত্বারোপ করে বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির বলেছেন, যেকোনো আন্তর্জাতিক চুক্তি দুই পক্ষের সমন্বয়ে গড়ে ওঠে। এতে উভয় পক্ষের স্বার্থের বিষয়গুলো বিবেচনায় রেখেই একটি 'উইন-উইন' পরিস্থিতি তৈরি করা হয়। কাজেই এই চুক্তি নিয়ে অযথা উদ্বেগের কিছু নেই। মঙ্গলবার (৫ মে) বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক সহকারী বাণিজ্য প্রতিনিধি ব্রেন্ডন লিঞ্চ-এর সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। বাণিজ্যমন্ত্রী বলেন, বর্তমান সরকার এই চুক্তির সূচনাকারী নয়, তবে রাষ্ট্রীয় ধারাবাহিকতার অংশ হিসেবে এটি উত্তরাধিকারসূত্রে পেয়েছে। রাষ্ট্রের মধ্যে সম্পাদিত কোনো চুক্তি ব্যক্তিগত চুক্তির মতো নয় যে ইচ্ছামতো বাতিল করা যাবে। এটি একটি বাস্তবতা এবং আমরা সেটিকে দেশের বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণে সর্বোচ্চভাবে কাজে লাগাতে চাই। তিনি আরও বলেন, সম্প্রতি যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে একটি তদন্ত প্রক্রিয়া (ইনভেস্টিগেশন) শুরু করা হয়েছে, যার বিষয়ে বাংলাদেশ ব্যাখ্যা চেয়েছে এবং প্রাপ্ত ব্যাখ্যার পরিপ্রেক্ষিতে নিজেদের অবস্থান ও পর্যবেক্ষণ জানানো হয়েছে। মন্ত্রী বলেন, আমরা স্পষ্টভাবে জানিয়েছি, বিদ্যমান চুক্তির প্রেক্ষাপটে এ ধরনের তদন্ত শুরু না হলে তা আরও ইতিবাচক হতো। বাংলাদেশের উৎপাদন ও বাণিজ্য বাস্তবতা তুলে ধরে তিনি বলেন, দেশে কোনো ক্ষেত্রেই 'ওভার ক্যাপাসিটি' নেই এবং বাংলাদেশ ডাম্পিং করে এমন অভিযোগও ভিত্তিহীন। আমরা অধিকাংশ পণ্য আমদানি করি। যেগুলো রপ্তানি করি, বিশেষ করে তৈরি পোশাক খাত তা কঠোর আন্তর্জাতিক কমপ্লায়েন্সের মধ্যে পরিচালিত হয়। সেখানে শ্রম আইন লঙ্ঘন বা শিশুশ্রমের কোনো সুযোগ নেই তিনি যোগ করেন। চুক্তি বাতিলের প্রশ্নে বাণিজ্যমন্ত্রী বলেন, এই সরকার জনগণের নির্বাচিত প্রতিনিধি হিসেবে সবসময় দেশের স্বার্থকে অগ্রাধিকার দেয়। কোনো চুক্তির কোনো ধারা যদি বাংলাদেশের স্বার্থের পরিপন্থি হয়, তা সংশোধনের সুযোগ সেই চুক্তির মধ্যেই রয়েছে। তিনি এটিকে 'সেলফ কারেক্টিং এলিমেন্ট' হিসেবে উল্লেখ করেন। মন্ত্রী আরও বলেন, চুক্তির মধ্যেই সংশোধন বা সমন্বয়ের প্রয়োজনীয় বিধান রয়েছে। তাই এটি নিয়ে অতিরিক্ত উদ্বেগ বা আতঙ্কের কোনো কারণ নেই। বৈঠকে বাংলাদেশ-যুক্তরাষ্ট্র বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক জোরদারসহ বিভিন্ন পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা হয়। বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব (রুটিন দায়িত্ব) মো. আবদুর রহিম খান এসময় উপস্থিত ছিলেন।

## ঝালকাঠিতে সাংবাদিককে কুপিয়ে জখম

**রাজাপুর প্রতিনিধি**

ঝালকাঠির রাজাপুর উপজেলায় এক সাংবাদিককে কুপিয়ে জখম করেছে সন্ত্রাসীরা। মঙ্গলবার বিকাল ৪টার দিকে উপজেলার সদর ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ড এলাকায় এ ঘটনা ঘটে বলে রাজাপুর থানার ওসি সুজন বিশ্বাস জানান। আহত মঈনুল হক লিপু দৈনিক দেশ রূপান্তর ও এটিএন নিউজের জেলা প্রতিনিধি এবং ঝালকাঠি প্রেস ক্লাবের সদস্য। আহত সাংবাদিক মঈনুল হক লিপু বলেন, কয়েকদিন আগে তার চাচাতো বোনের একটি পানির মোটর চুরি হয়। এই ঘটনাকে কেন্দ্র করে ১ নম্বর ওয়ার্ডের আছলাম হোসেনের ছেলে শান্ত (২৫), চুন্নু সিকদারের ছেলে রিজন সিকদার (২২), শাকিল সিকদারসহ সাত-আটজন তার ওপর অতর্কিত হামলা চালায়। এ সময় তারা ধারালো অস্ত্র দিয়ে তাকে এলোপাতাড়ি কুপিয়ে গুরুতর আহত করে। তার চিৎকারে আশপাশের লোকজন এগিয়ে এলে হামলাকারীরা দ্রুত পালিয়ে যায়। পরে স্থানীয়রা তাকে রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। সেখানে তিনি চিকিৎসা নেন। মঈনুল হক লিপু বলেন, তিনি এখন থানায় আছেন। অভিযোগ দিচ্ছেন। স্থানীয় একজন বলেন, "শান্ত এর আগেও একটি মাদক মামলায় গ্রেপ্তার হয়েছিলেন।" রাজাপুর সার্কেলের জ্যেষ্ঠ সহকারী পুলিশ সুপার মো. শাহ আলম বলেন, অভিযোগ পেলে বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। ঝালকাঠি প্রেস ক্লাব নেতৃবৃন্দ হামলার তীব্র নিন্দা জানিয়ে দ্রুত জড়িতদের গ্রেপ্তার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন।

## ভোলায় অস্ত্র-গুলি ও মাদকসহ সন্ত্রাসী

একপর্যায়ে লঞ্চটি ইলিশা ও তুলাতুলির মধ্যবর্তী এলাকায় আসতেই লঞ্চ থামিয়ে কোস্টগার্ড সদস্যরা তল্লাশি শুরু করেন। এ সময় জাকিরের নেয়া কেবিন থেকে একটি একনলা বন্দুক, চার রাউন্ড তাজা গুলি ও দুই কেজি গাঁজাসহ সন্ত্রাসী জাকির হোসেন ফরাজীকে আটক করা হয়। আটককৃত জাকির ফরাজী ভোলা সদর উপজেলার দক্ষিণ দিঘলদী ইউনিয়নের কোরালিয়া খায়েরহাট এলাকায় বাসিন্দা। তিনি বিভিন্ন রকম সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত থাকার পাশাপাশি একাধিক মামলার আসামি। একই সঙ্গে সন্ত্রাসী কর্মকাণ্ডের পাশাপাশি তিনি মাদক ব্যবসার সঙ্গে সম্পৃক্ত রয়েছে বলে প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা গেছে। এ ব্যাপারে কোস্টগার্ড দক্ষিণ জোনের মিডিয়া কর্মকর্তা লে. সাব্বির আলম সুজন জানান, গোপন সংবাদের ভিত্তিতে ভোলার মেঘনা নদীতে অভিযান চালিয়ে কর্ণফুলী- ১৩ লঞ্চের একটি কেবিন থেকে অস্ত্র, গুলি ও মাদকসহ সন্ত্রাসী জাকির হোসেনকে গ্রেপ্তার করা হয়েছে।

## সাগরে মিলছে না কাঙ্খিত মাছ, বৈরী

লোকসানের মুখে পড়ছেন তারা। অন্যদিকে নিত্যপ্রয়োজনীয় পণ্য, ট্রলারের ইঞ্জিন, যন্ত্রপাতি ও মেরামত খরচ বেড়ে যাওয়ায় ব্যয় বহুগুণে বৃদ্ধি পেয়েছে। জ্বালানি তেলের উচ্চমূল্যও তাদের জন্য বড় চাপ হয়ে দাঁড়িয়েছে। পাথরঘাটা উপজেলার সদর ইউনিয়নের পদ্মা গ্রামের জেলে মো. নাসির মাঝি বলেন, 'আগের মতো মাছ আর পাওয়া যায় না। এ ছাড়া গত কয়েক দিন ঝড়-বৃষ্টি গেছে। এর মধ্যেই ছয় বার গভীর সাগরে গেছি, মাত্র একবার মাছ পেয়েছি। এতে খরচ ওঠানোই দায় হয়ে গেছে।এখন সাধারণ মাঝিদের পাওনাও দেওয়া কঠিন হয়ে পড়েছে।' তিনি আরো জানান, প্রতিবার সাগরে যেতে জ্বালানি ও খাদ্যসহ প্রায় ২ থেকে ৩ লাখ টাকা খরচ হয়। একবার মাছ পেয়ে প্রায় ৯ লাখ টাকার বিক্রি করলেও বাকি পাঁচ বারে মোট বিক্রি হয়েছে মাত্র ৬ লাখ ৫০ হাজার টাকা। এতে লাভ তো দূরের কথা, ঋণের বোঝাই বাড়ছে। জেলেদের অভিযোগ, মাঝেমধ্যে জলদস্যুদের হামলার শিকার হতে হয় তাদের। হঠাৎ করে সশস্ত্র জলদস্যুরা ট্রলারে উঠে মারধর করে এবং জেলেদের অপহরণ করে সুন্দরবনের গভীরে নিয়ে যায়। পরে মুক্তিপণ দাবি করা হয়। মুক্তিপণ না দেওয়া পর্যন্ত জেলেদের ওপর অমানবিক নির্যাতন চালানো হয় বলে অভিযোগ রয়েছে। স্থানীয়দের ভাষ্য, এককে জন জেলেকে জলদস্যুদের হাত থেকে ছাড়িয়ে আনতে ২-৩ লাখ টাকা, কখনো তারও বেশি অর্থ ব্যয় করতে হয়। অনেক সময় গুলিবিদ্ধ হয়ে জেলের মৃত্যুর ঘটনাও ঘটে। একই আক্ষেপ শোনা যায় অন্যান্য জেলে ও ট্রলার মালিকদের কণ্ঠেও। তাদের মতে, বর্তমান পরিস্থিতি অব্যাহত থাকলে বাধ্য হয়ে অনেকেই পেশা পরিবর্তন করবেন। স্থানীয় জেলে নেতারা জেলেদের জন্য সহজ শর্তে ঋণ, জ্বালানিতে ভর্তুকি এবং বিকল্প কর্মসংস্থানের দাবি জানিয়েছেন। পাশাপাশি সমুদ্রে নিরাপত্তা জোরদার করে জলদস্যু দমনে কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন তারা। বরগুনা জেলা মৎস্যজীবী ট্রলার মালিক সমিতির সভাপতি গোলাম মোস্তফা চৌধুরী বলেন, সাগরে জেলেদের ইলিশ মাছ দিয়ে কোটি কোটি টাকার বৈদেশিক মুদ্রা অর্জিত হলেও যুগের পর যুগ চলে গেলেও জেলেদের জীবনমান উন্নয়নে সরকারের কোনো পদক্ষেপ নেই। চাঁদপুর মৎস্য গবেষণা কেন্দ্রের গবেষক ড. আনিসুর রহমান বলেন, জেলেদের জীবন-জীবিকা টিকিয়ে রাখতে হলে টেকসই মৎস্য ব্যবস্থাপনার পাশাপাশি তাদের আর্থিক ও সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা জরুরি। তা না হলে দেশের উপকূলীয় অর্থনীতিতে নেতিবাচক প্রভাব পড়তে পারে। এ বিষয়ে উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা হাসিবুল হক জানান, বারবার বৈরী আবহাওয়া, সাগরে মাছের প্রাচুর্যতা কম এবং মাঝেমধ্যে জলদস্যুর হামলা-সব মিলিয়ে জেলেরা সব সময় সমস্যার মধ্যে থাকেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা তাপস পাল জানান, আইনশৃঙ্খলার মিটিংয়ে প্রায়ই ট্রলার মালিকরা জলদস্যুর হামলার কথা বলেন। তবে এসব ঘটনা সগরের ১০০-১৫০ কিলোমিটার গভীরে হওয়া তাৎক্ষণিক আমাদের কিছু করা থাকে না।

## কলাপাড়ায় ৬ ফুট দৈর্ঘ্যের দাঁড়াশ

দুটিকে দেখতে ভিড় জমায় স্থানীয়রা। কালচে বাদামি বর্ণের দাঁড়াশ সাপটি সম্পূর্ণ নির্বিষ ও সবুজ এবং হলুদের মাঝে লাল-কালো ডোরাকাটা বর্ণের কালনাগিনী সাপটি মৃদু বিষধর। এনিমেল লাভারস অফ পটুয়াখালীর কলাপাড়া শাখার টিম লিডার বায়জিদ আহসান বলেন, হটলাইনে ফোন পাওয়ার পরে সাপ দুটি উদ্ধার করা হয়েছে। আঘাতপ্রাপ্ত হওয়ায় সাপ দুটিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। পুরোপুরি সুস্থ হলে সাপ দুটিকে সংরক্ষিত বনে অবমুক্ত করা হবে।

## আগৈলঝাড়ায় ভুয়া এনজিও

দিয়ে দরিদ্র পরিবারের কাছ থেকে কর্মীদের মাধ্যমে কোটি টাকা উত্তোলন করে এনজিওটির পরিচালক সায়মন বিশ্বাস। তার ওই কাজে সহযোগিতা করেন খুলনা বিভাগীয় প্রধান মেরী বিশ্বাস, বরিশাল বিভাগীয় প্রধান রিচার্ড রায় এলিও ও তার স্ত্রী বিউটি সরকার। তারা মানুষের মনে বিশ্বাস অর্জনের লক্ষে আগৈলঝাড়া উপজেলার মরান্দিরপাড় গীর্জায় সভা করে এবং সদস্য কার্ডে যীশু খ্রীস্টের ছবি ব্যবহার এবং রেজিষ্টেশন নম্বর ১৯৮৬ লেখা রয়েছে। মাঠকর্মী ও সদস্যদের সাথে কথা বলে জানা গেছে, উপজেলার বাগধা ইউনিয়নের মরান্দিরপাড় গ্রামে ২০২৪ সালের ১৪ নভেম্বর স্বপ্নডানা নামে একটি এনজিওর কার্যক্রম শুরু করেন পরিচালক সায়মন বিশ্বাস, খুলনা বিভাগীয় প্রধান মেরী বিশ্বাস, বরিশাল বিভাগীয় প্রধান রিচার্ড রায় এলিও ও তার স্ত্রী বিউটি সরকার। তারা ওই এনজিওর মাঠ কর্মী হিসেবে আবেদনপত্র জমা নিলেও নিয়োগ দেয়নি জন মার্টিন রায়, মিতালী সরকার, রিনা রায়, পিন্টু সমদ্দার, রিনা বৈষ্ণব, তৃষ্ণা হুর, নিত্যনন্দা বাড়েকে। তাদের মৌখিক নির্দেশে আগৈলঝাড়া উপজেলার মরান্দিপাড়, ছবিখারপাড়, আস্কর, জোবারপাড়, স্বরবাড়ি, নাঘিরপাড়, বড়মগরা, বাগধা, বাকাল, কোটালীপাড়া উপজেলার নারকেলবাড়ি, পীরেরপাড়, গৌরনদী উপজেলার মাহিলাড়া ও উজিরপুর উপজেলার পটিবাড়ি, ইন্দুরকানী, কুড়ালিয়া গ্রামসহ বিভিন্ন এলাকার ২২৯ জন সদস্যের কাছ থেকে আধাপাকা ঘর দেওয়ার কথা বলে ২০ হাজার টাকা করে ও চাল, ডাল, আটা, চিনি ও তৈল দেওয়ার প্রলোভন দিয়ে ১ হাজার ৫শত ৩২জন সদ্যস্যের কাছ থেকে ২০৪০ টাকা করে উত্তোলন করেন মাঠ কর্মীরা। মাঠ কর্মীদের উত্তোলনকৃত প্রায় কোটি টাকা মাঠকর্মী রিনা রায় ও তার ছেলে ম্যাথিউ রায় বিভিন্ন বিকাশের মোবাইল নম্বরের মাধ্যমে সায়মন বিশ্বাসের কাছে প্রেরন করেন। সদস্যদের মাঝে ২০২৫ সালের নভেম্বর মাসের শেষের দিকে ঘর ও খাদ্য সামগ্রী দেওয়ার কথা থাকলে এনজিও'র কথিত পরিচালক সরেজমিন না আসায় মাঠ কর্মীদের সন্দেহ হয়। তারা তাদের সাথে বার বার যোগাযোগ করার পর কথিত পরিচালক মাঠ কর্মীদের কাছ থেকে টাকা নেওয়ার কথা অস্বীকার করেন। এনজিও সদস্য জোবারপাড় গ্রামের অতুল বালার স্ত্রী গোলাপী বালা জানান, ঘর বাবদ ২০ হাজার ও খাদ্য সামগ্রী বাবদ ২ হাজার ৪০ টাকা এনজিও'র মাঠকর্মী মিতালী সরকারের কাছে দিয়েছি। কুড়ালিয়া গ্রামের সন্টু বাড়ৈর স্ত্রী আলোমতি বাড়ৈ ও জোবারপাড় গ্রামের সুশান্ত বালার স্ত্রী সঞ্জিতা বালার কাছ থেকেও ঘর ও খাদ্য সামগ্রী দেওয়ার কথা বলে মাঠকর্মীরা টাকা নিয়েছে। এ ঘটনায় মাঠ কর্মী রিনা রায় বলেন, মেরী বিশ্বাস, রিচার্ড রায় এলিও ও তার স্ত্রী বিউটি সরকার আগৈলঝাড়ায় এসে খ্রিষ্টানদের গির্জায় সভা করে তারা স্বপ্নডানা নামে এনজিওর কার্ডে যীশু খ্রীস্টের ছবিসহ রেজিষ্টেশন নম্বর ১৯৮৬ সদস্য কার্ড দেখিয়ে ধর্মীয় অনুভূতি ব্যবহার করে মানুষের বিশ্বাস অর্জণ করে প্রতারনা করেন। আমাকে মৌখিক ভাবে তারা কর্মী হিসেবে নির্দেশ দিলে আমি ২৫০জন সদস্যদের কাছ থেকে ১৫ লক্ষ ৩৮ হাজার টাকা উত্তোলন করে পরিচালক সায়মন বিশ্বাসের বিভিন্ন বিকাশ নম্বরে প্রেরন করেছি। এব্যাপারে মাঠ কর্মী জন রায় জানান, ৪শত ৯৮জন সদস্যের কাছ থেকে ২৫ লক্ষ ২ হাজার টাকা উত্তোলন করে পরিচালক সায়মন বিশ্বাসের বিভিন্ন বিকাশ নম্বরে প্রেরন করেছি। এব্যাপারে স্বপ্নডানা এনজিও'র সদস্য অর্চনা মন্ডল ও বন্যা কর্মকার বাদী হয়ে এনজিও'র কর্মী রীনা রায় ও বিউটি রায়ের বিরুদ্ধে আগৈলঝাড়া থানায় লিখিত অভিযোগ দায়ের করে। অভিযোগ দিয়ে শতাধিক সদস্যরা থানা চত্বরে বই হাতে বিক্ষোভ করেছে। এব্যাপারে অভিযুক্ত রীনা রায় ও বিউটি রায় এলাকায় না থাকায় তাদের বক্তব্য পাওয়া যায়নি। এব্যাপারে উপজেলা সমাজসেবা কর্মকর্তা তপন বিশ্বাস বলেন, পূর্বের সমাজসেবা কর্মকর্তা সুশান্ত বালা ওই এনজিওটির তদন্ত করে রিপোর্টি দিয়েছে। তাতে এনজিওটি'র কোন রেজিষ্টেশন নম্বর নেই। যে রেজিষ্টেশন নম্বর ব্যবহার করা হয়েছে ওই নম্বরটি ভুয়া। এব্যাপারে আগৈলঝাড়া থানার ওসি (তদন্ত) সুশংকর মল্লিক লিখিত অভিযোগ পাওয়ার সত্যতা স্বীকার করে বলেন, তদন্ত করে আমরা তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেব।

## মসজিদ নির্মাণ কাজে বিএনপি

কয়েকটি শুক্রবার জুমার নামাজের আগে মুসল্লিদের সঙ্গে আলোচনাও করেন মসজিদ কমিটি। আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে মসজিদ সংস্কার ও পুনর্নির্মাণ চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়। সে অনুযায়ী ইট, বালু ও সিমেন্ট এনে কাজ শুরু করা হয়। কিন্তু তাতে বাঁধ সাধে ইউনিয়ন বিএনপির নেতা মানিক বিশ্বাস। তার দাবি, মসজিদের জমি নিয়ে ঝামেলা আছে, তা সমাধান না করলে কীভাবে পুনর্নির্মাণ বা কাজ করবে। মুসল্লিদের অভিযোগ, দেড় শতাধিক বছরের ঐতিহ্যবাহী প্রাচীনতম মসজিদটির নামে নির্দিষ্ট জমি ওয়াক্‌ফ করা আছে। আমরা সেই জমিতেই কাজ শুরু করছিলাম। তাতে এসে মানিক বিশ্বাস বাধা দেন। মসজিদ কমিটির সভাপতি হারুন অর রশিদ বলেন, আ. রহিম উদ্দিন বিশ্বাস দেড়শত বছর আগে এক শতাংশ জমি দিয়ে মসজিদ প্রতিষ্ঠা করেন। পরবর্তীতে তার ছেলে ফজলুর রহমান বিশ্বাস পাঁচ শতাংশ জমি মৌখিকভাবে মসজিদের নামে দান করে সেখানে মসজিদ নির্মাণ করেন। পরে সেটিকে দলিল মূলে ওয়াক্‌ফ করা হয়। মসজিদটি পুরানো হওয়ায় জরাজীর্ণ হয়ে পড়ে। তাই মুসল্লিদের সঙ্গে সভা করে সিদ্ধান্ত নিয়ে পুনর্নির্মাণ উদ্যোগ নেওয়া হয়। কাজ শুরু করলেই বিএনপি নেতা পরিচয়দানকারী মানিক বিশ্বাস তাতে বাধা দেন। জমির ঝামেলা আছে, তা সমাধান না করে কীভাবে মসজিদ করে, সেখানে তাকে দাওয়াত না দেওয়ার অভিযোগে এ বাধা দেন তিনি। ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মো. সোহেল মুন্সি জানান, মানিক বিশ্বাস ইউনিয়ন বিএনপির জয়েন্ট সেক্রেটারি (যুগ্ম সম্পাদক)। মসজিদটি আমার বাড়ি থেকে অনেক দূরে। তবুও যতটুকু জানি, ওটা প্রাচীনতম এবং ঐতিহ্যবাহী। ৬ শতাংশ জমিও নাকি দান করা আছে। মানিক বিশ্বাস ওই মসজিদের নিয়মিত মুসল্লিও না। এখানে মসজিদ পুনর্নির্মিত হলে তো আর কোনো সমস্যা হবার কথা না। মানিক বিশ্বাসের কাছে মুঠোফোনে জানতে চাইলে তিনি বলেন, 'মেহমান আছে, তাকে চা দিতেছি, পরে ফোন দেবো', বলে লাইনটি কেটে দেন।

## বিএনপি নেতার বাড়ির সামনে

বসে তিনি বিষপান করেন। এসময় তিনি গৌরনদী থানার ওসিসহ পুলিশেরও বিচার দাবি করেন। পরে মুমূর্ষু অবস্থায় এক নারী নেত্রী এবং স্থানীয়রা ওই গৃহবধূকে উদ্ধার করে গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। বাবলি দিনাজপুর সদর থানার গোবরাপাড়া এলাকার জিয়াউর রহমানের কন্যা। তিনি বাবলি শঙ্কা মুক্ত নন বলে জানিয়ে চিকিৎসক। গৃহবধূর থানায় দায়ের করা সাধারণ ডায়েরি সূত্রে জানাগেছে, জান্নাতুন বাবলির সাথে মোবাইল ফোনে পরিচয় হয় বরিশালের গৌরনদী উপজেলার সরিকল গ্রামের বাসিন্দা তরিকুল ইসলাম বাদলের ছেলে তৌহিদুল ইসলাম আশিকের। পরিচয়ের সূত্রধরে তাদের মধ্যে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। সেই সুবাধে ২০২৫ সালের ২১ সেপ্টেম্বর তৌহিদুল ইসলাম আশিকের বাড়িতে আসে জান্নাতুন বাবলি। ওইদিনই তাদের বিবাহ হয়। বিবাহের পর থেকেই যৌতুকের জন্য বাবলির স্বামী তৌহিদুল, ননদ তামিমা ইসলাম, শাশুড়ি ফাহমিদা খানম, শ্বশুর তরিকুল ইসলাম তাকে (বাবলি) শারীরিক ও মানসিক নির্যাতন করে আসছিল। নির্যাতন সহ্য করতে না পেরে স্ত্রী বাবলি ২০২৬ সালের ১৩ জানুয়ারি গৌরনদী মডেল থানায় মামলা দায়ের করেন (মামলা নং- ১৩/২৬)। পরে পুলিশ এবং স্থানীয়দের মধ্যস্ততায় সালিশ মিমাংসার পর নির্যাতন না করার শর্তে স্বামীসহ মামলার অন্য আসামিদের জামিন করান বাবলি। জামিনে এসে ফের বাবলির ওপর অমানুসিক নির্যাতন চালায় স্বামী তৌহিদুল ও তার পরিবারের লোকেরা। এতে হতাশাগ্রস্থ হয়ে গত ১৪ মার্চ স্বামী তৌহিদুল ও তার পরিবারের লোকজনকে অভিযুক্ত করে গৌরনদী মডেল থানায় সাধারণ ডায়েরি করেন জান্নাতুন বাবলি। কিন্তু রহস্যজনক কারণে থানা পুলিশ থেকে শুরু করে স্থানীয় রাজনৈতিক নেতাদের কাছে স্ত্রীর অধিকার এবং নির্যাতন থেকে মুক্তি পেতে অসহায় বাবলি অসংখ্যবার ধর্না দিয়েও ন্যায় বিচার থেকে বঞ্চিত হন। সর্বশেষ সোমবার (৪ মে) বাবলি বিচারের আশায় বরিশাল উত্তর জেলা বিএনপির সদস্য সচিব মিজানুর রহমান খান মুকুলের গৌরনদী বন্দরের বাসার সামনে খালপাড়ে বসে বিষপানে আত্মহত্যার চেষ্টা করে বাবলি। গৌরনদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে দায়িত্বরত চিকিৎসক টিপু সুলতান বলেন, বর্তমানে ওই যুবতী হাসপাতালে ভর্তি রয়েছেন। এখন পর্যন্ত তিনি শঙ্কামুক্ত নন। তাকে ২৪ ঘন্টার জন্য পর্যবেক্ষণে রাখা হয়েছে। রাতে এ বিষয়ে বক্তব্য জানতে বরিশাল উত্তর জেলা বিএনপির সদস্য সচিব মিজানুর রহমান খান মুকুল ও গৌরনদী থানার অফিসার ইনচার্জ তারিক হাসান রাকিবকে কল করা হলেও তারা রিসিভ করেননি।

## ভান্ডারিয়ায় কিশোরীকে ধর্ষণের

আসা-যাওয়ার পথে দণ্ডপ্রাপ্ত আসামি প্রায় সময় তাকে উত্যক্ত করত। ২০১৮ সালের ৩ মার্চ বেলা সাড়ে ৩টার দিকে স্কুল ছুটি হলে আসামি সুমন তাকে জোরপূর্বক ওই গ্রামের ফিরোজ পালোয়ানের খালি বাড়িতে নিয়ে ধর্ষণ করে। সে বাড়ি ফিরে তার মামাকে ঘটনাটি বলে। বিষয়টি স্থানীয় লোকজন মীমাংসা করার আশ্বাস দিলেও ভুক্তভোগী ওই কিশোরীর মামা তাতে রাজি না হয়ে সুমন হাওলাদারকে আসামি করে ভান্ডারিয়া থানায় একটি ধর্ষণ মামলা দায়ের করেন। পরে তদন্ত শেষে পুলিশ আসামি সুমনের বিরুদ্ধে আদালতে অভিযোগপত্র জমা দেয়। সাক্ষ্যপ্রমাণে আসামি দোষী সাব্যস্ত হওয়ায় আদালত এই রায় দেন। ?মামলায় রাষ্ট্রপক্ষের আইনজীবী ছিলেন নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর নূরুল ইসলাম সরদার শাহজাহান। তিনি বলেন, ধর্ষণ মামলায় একজনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। রায়ে রাষ্ট্রপক্ষ সন্তোষ প্রকাশ করেছে।

## ইরানকে 'পৃথিবীর মানচিত্র থেকে

আটকে পড়া শত শত জাহাজকে সাহায্য করার জন্য যুক্তরাষ্ট্র সোমবার একটি অভিযান শুরু করেছে, যা এই অঞ্চলকে আবার একটি পূর্ণাঙ্গ যুদ্ধের দ্বারপ্রান্তে ঠেলে দিয়েছে। তেহরান এই প্রণালির ওপর তাদের অবরোধ পুনরায় আরোপ করতে চেয়েছিল, যা বিশ্ব বাণিজ্যের জন্য একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ জলপথ। যদিও মার্কিন সামরিক বাহিনী সাতটি ইরানি ছোট নৌকা ধ্বংস করার এবং ইরানি ক্রুজ ক্ষেপণাস্ত্র ও ড্রোন উভয়ই আটক করার দাবি করেছে। তবে ইরান তা অস্বীকার করেছে। ৮০০টিরও বেশি জাহাজ এবং প্রায় ২০ হাজার নাবিক এই অঞ্চলে আটকা পড়ে আছেন। সোমবার ফক্স নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে ট্রাম্প চলমান মার্কিন নৌ অভিযানকে এযাবৎকালের অন্যতম সেরা সামরিক মহড়া হিসেবে বর্ণনা করেছেন এবং দাবি করেছেন যে, সাম্প্রতিক আলোচনায় ইরানি কর্মকর্তারা আগের চেয়ে অনেক বেশি নমনীয় ছিলেন। মার্কিন অস্ত্রের মজুদ নিয়ে উদ্বেগের জবাবে তিনি ফক্স নিউজকে বলেন, আমাদের কাছে আগের চেয়ে অনেক বেশি এবং উন্নত মানের অস্ত্র ও গোলাবারুদ রয়েছে। তিনি আরও বলেন, আমাদের কাছে সেরা সরঞ্জাম রয়েছে। সারা বিশ্বে আমাদের জিনিসপত্র আছে। সারা বিশ্বে আমাদের ঘাঁটি রয়েছে। সেগুলো সবই সরঞ্জাম দিয়ে পরিপূর্ণ। আমরা এসব জিনিস ব্যবহার করতে পারি এবং প্রয়োজনে আমরা তা করবোও। ইরানের বিরুদ্ধে ট্রাম্পের এই হুমকি এপ্রিলে করা তার মন্তব্যেরই প্রতিধ্বনি, যখন তিনি সতর্ক করেছিলেন যে হরমুজ প্রণালি নিয়ে তার দাবি মেনে নিতে তেহরান ব্যর্থ হলে 'একটি গোটা সভ্যতা ধ্বংস হয়ে যাবে'। সে সময় তার এমন মন্তব্য নিয়ে দেশে ও বিদেশে ব্যাপক সমালোচনার জন্ম দিয়েছিল।

## আমরা এখনো শুরুই করিনি- যুক্তরাষ্ট্রকে

পূর্বাবস্থা বদলে নতুন অবস্থা তৈরি করেছে। ইরান প্রয়োজনে আরও বলপ্রয়োগ করতে পারে, এমন ইঙ্গিত দিয়ে তিনি বলেছেন 'আমরা এখনো শুরুই করিনি।' ব্রিটিশ সংবাদমাধ্যম দ্য গার্ডিয়ানের খবরে বলা হয়েছে, মোহাম্মদ বাঘের গালিবাফ মঙ্গলবার সকালে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে বলেছেন, 'হরমুজ প্রণালির নতুন সমীকরণ এখন গড়ে উঠছে।' তিনি সতর্ক করে দেন, বর্তমান 'স্থিতাবস্থা' যুক্তরাষ্ট্রের জন্য বজায় রাখা 'অসহনীয়' হয়ে উঠেছে। ইরানের প্রধান আলোচক গালিবাফ যোগ করেন, 'যুদ্ধবিরতি লঙ্ঘন এবং অবরোধ আরোপের মাধ্যমে যুক্তরাষ্ট্র ও তার মিত্ররা জাহাজ চলাচল ও জ্বালানি পরিবহনের নিরাপত্তাকে বিপন্ন করেছে; অবশ্যই তাদের অশুভ শক্তি ক্ষীণ হয়ে আসবে। আমরা খুব ভালো করেই জানি, বর্তমান স্থিতাবস্থার ধারাবাহিকতা আমেরিকার জন্য অসহনীয়; অথচ আমরা এখনো শুরুই করিনি।' গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র-ইসরায়েলি হামলায় দেশটির সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি নিহত হওয়ার পরপরই ইরান হরমুজ প্রণালি দিয়ে বিদেশি জাহাজ চলাচলের ওপর অবরোধ আরোপ করে। জবাবে ১৩ এপ্রিল যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানি বন্দর ব্যবহারকারী জাহাজগুলোর ওপর পাল্টা অবরোধ দেন। শুরু হওয়া ট্রাম্পের তথাকথিত 'প্রজেক্ট ফ্রিডমের' লক্ষ্য হলো যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী ব্যবহার করে কৌশলগত এই জলপথে আটকে পড়া কার্গো জাহাজগুলোকে নিরাপদে বের করে আনা। তবে এতে যুদ্ধ পুনরায় শুরু হওয়ার সম্ভাবনা আরও বেড়ে গেছে। কারণ, ইরানের সামরিক কেন্দ্রীয় কমান্ড সতর্ক করেছে, প্রণালির দিকে এগিয়ে আসা যেকোনো মার্কিন নৌযানকে তারা আঘাত করবে। সোমবার হরমুজ প্রণালির নিয়ন্ত্রণ নিয়ে দ্বৈত সামুদ্রিক অবরোধের মধ্যে যুক্তরাষ্ট্র ও ইরান নতুন করে হামলা শুরু করে, যা অঞ্চলটিকে আবার পূর্ণাঙ্গ যুদ্ধের কিনারায় নিয়ে গেছে।

## বরিশালে শতাধিক এতিম শিশুর

মোঃ রহমাতুল্লাহ, জুনিয়র অ্যাডমিন অ্যান্ড লজিস্টিক অফিসার শিবলী এবং জুনিয়র প্রজেক্ট অফিসার আননুর খান। প্রধান অতিথির বক্তব্যে মোছাঃ ফরিদা সুলতানা বলেন, "ইমপ্যাক্ট ইনিশিয়েটিভের এই মানবিক উদ্যোগ নিঃসন্দেহে প্রশংসনীয়। আমি আশা করি, এই শিশুরা ভবিষ্যতে যোগ্য ও দেশপ্রেমিক নাগরিক হিসেবে গড়ে উঠবে।" তিনি আরও বলেন, ভবিষ্যতে এসব শিশুর আর্থসামাজিক উন্নয়নে সরকারের পক্ষ থেকেও সহায়তা অব্যাহত থাকবে। সংস্থাটি জানায়, তাদের অরফ্যান কেয়ার প্রোগ্রামের আওতায় এসব শিশু বছরে চারবার খাদ্যসামগ্রী, সারাবছরের জন্য শিক্ষা উপকরণ ও টিউশন ফি, নিয়মিত স্বাস্থ্যসেবা এবং বছরে দুইবার নতুন পোশাক পেয়ে থাকে। উল্লেখ্য, দাতা সংস্থা মা ইন্টারন্যাশনাল এর সহায়তায় ইমপ্যাক্ট ইনিশিয়েটিভ সারা দেশে প্রায় ৪০০ এতিম শিশুর সহায়তায় কাজ করে।

## ১৫ বছর ধরে সংস্কারহীন

অধিকাংশ স্থানের ইট সরে গিয়ে মাটি বেরিয়ে পড়েছে। কোথাও কোথাও ইট ভেঙে গুঁড়ো হয়ে গেছে। দীর্ঘদিনের অবহেলায় রাস্তার মাঝখান উঁচু হয়ে দুপাশ দেবে গেছে, ফলে রিকশা, ভ্যান বা মোটরসাইকেল তো দূরের কথা, সাধারণ মানুষের হেঁটে চলাই দায় হয়ে পড়েছে। বিশেষ করে অসুস্থ রোগী, বৃদ্ধ এবং স্কুলগামী কোমলমতি শিক্ষার্থীদের যাতায়াতে পোহাতে হচ্ছে অবর্ণনীয় দুর্ভোগ। কৃষিপণ্য পরিবহন করা একেবারেই অসম্ভব। স্থানীয় বাসিন্দারা ক্ষোভ প্রকাশ করে বলেন, এই রাস্তা দিয়ে এখন চলাচল করা আমাদের জন্য অভিশাপ হয়ে দাঁড়িয়েছে। বর্ষা শুরু হলে দুর্ভোগের সীমা থাকে না। কৃষিপণ্য বাজারে নেওয়া বা জরুরি অবস্থায় রোগীকে হাসপাতালে নেওয়ার কোনো উপায় নেই। আমরা বারবার জনপ্রতিনিধিদের জানালেও কোনো কার্যকর পদক্ষেপ নেওয়া হয়নি। জরুরি ভিত্তিতে এই বিধ্বস্ত রাস্তাটি পিচ ঢালাই (কার্পেটিং) বা পাকাকরণের মাধ্যমে আধুনিক যাতায়াত ব্যবস্থা নিশ্চিত করতে এলজিইডির উর্ধ্বতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছেন ভুক্তভোগী এলাকাবাসী। রাস্তাটির বর্তমান জরাজীর্ণ অবস্থা ও জনদুর্ভোগের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলে মির্জাগঞ্জ উপজেলা নির্বাহী প্রকৌশলী (এলজিইডি) চন্দন কুমার আশ্বস্ত করে বলেন, সড়কটির বর্তমান অবস্থা সম্পর্কে আমরা অবগত হয়েছি। জনদুর্ভোগ লাঘবে আমরা দ্রুততম সময়ের মধ্যে সরেজমিনে পরিদর্শন শেষে একটি টেকনিক্যাল রিপোর্ট তৈরি করব। সড়কটি চলাচলের উপযোগী করতে আধুনিক মানের পিচ ঢালাই (কার্পেটিং) রাস্তার জন্য প্রয়োজনীয় বরাদ্দ চেয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে জোরালো সুপারিশ পাঠানো হবে জানিয়ে তিনি বলেন, আশা করছি, দ্রুতই ইতিবাচক সাড়া মিলবে এবং এলাকাবাসীর দীর্ঘদিনের কষ্টের অবসান ঘটবে।

## দশমিনায় ইয়াবা ও নগদ

লক্ষ্মীপুর গ্রামের মৃত রাজ্জাক মৃধার ছেলে মো. ইসমাইল মৃধা (৩৫) ও গয়নাঘাট গ্রামের মো. মুকবুল সরদারের ছেলে মো. এনায়েত হোসেন (৩৫)। থানা সূত্রে জানা যায়, দশমিনা থানার উপপুলিশ পরিদর্শক (এসআই) মাসুম বিল্লাহ, নাজমুলসহ সঙ্গীয় ফোর্স গোপন সংবাদের ভিত্তিতে রোববার দিবাগত রাত ২টার সময় উপজেলার বহরমপুর ইউনিয়নের বগুড়া গ্রামের নবাব কাচারি ব্রিজের ওপর ইয়াবা বিক্রির সময় সেখান থেকে নীরব হাওলাদার ও রুবেল মৃধাকে ৬০টি ইয়াবা ও মাদক কারবারের দুই লাখ টাকাসহ আটক করে। পরে তাঁদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করা হয়। দুপুরে আদালতের মাধ্যমে তাঁদের জেলহাজতে পাঠানো হয়। অপর দিকে রাত সাড়ে ১০টার সময় দশমিনা থানার উপপুলিশ পরিদর্শক (এসআই) নাজমুল সহ সঙ্গীয় ফোর্স বেতাগী সানকিপুর ইউনিয়নের মাছুয়াখালী গ্রামের পটুয়াখালী-দশমিনা সড়কে ইয়াবা বিক্রির সময় ২৫টি ইয়াবাসহ ইসমাইল ও এনায়েতকে গ্রেপ্তার করে। থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আতিকুল ইসলাম জানান, নীরব ও রুবেলকে দুপুরে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়। এনায়েত ও ইসমাইলের বিরুদ্ধেও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে। মঙ্গলবার সকালে তাঁদের আদালতে পাঠানো হয়। এ মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে।

## আমতলীতে কমিউনিটি ক্লিনিকের

খবর পেয়ে আমতলী থানার অফিসার ইনচার্জ আবু সাহাদাত মোহাম্মদ হাসনাইন পারভেজের নির্দেশে এসআই জসিম উদ্দিন ঘটনাস্থল পরিদর্শন করেন। তিনি বিষয়টি গুরুত্ব সহকারে তদন্ত করা হচ্ছে জানিয়ে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন। আমতলী সদর ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত প্রশাসক মো. মনজুরুল হক কাওসার বলেন, একটি সেবামূলক প্রতিষ্ঠানে এ ধরনের চুরি অত্যন্ত দুঃখজনক। ঘটনার সুষ্ঠু তদন্ত ও দোষীদের দ্রুত আইনের আওতায় আনার দাবি জানান তিনি। ক্লিনিকের সহ-সভাপতি মো. জামাল মৃধা বলেন, "আমরা গ্রামবাসী এ ঘটনার সুষ্ঠু বিচার চাই এবং আইন-শৃঙ্খলা বাহিনীর সর্বোচ্চ সহযোগিতা কামনা করছি।" কোষাধ্যক্ষ মো. আজিজ মাস্টার বলেন, "এই ক্লিনিক থেকে এলাকার গরিব ও অসহায় মানুষ চিকিৎসাসেবা পেয়ে থাকে। চুরির ঘটনায় আমরা গভীরভাবে উদ্বিগ্ন। এটি আমাদের সবার সম্পদ, তাই এর নিরাপত্তায় সবাইকে এগিয়ে আসতে হবে।" এ ঘটনায় স্থানীয়দের মধ্যে উদ্বেগ বিরাজ করছে এবং দ্রুত অপরাধীদের শনাক্ত করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি উঠেছে।

## ভোলায় হত্যাকান্ডের আসামি

ধার দেওয়াকে কেন্দ্র করে ঘটনার সূত্রপাত হয়। ভুক্তভোগী আমির হোসেনের কাছ থেকে টাকা ধার নিয়ে ফেরত না দেওয়াকে কেন্দ্র করে বিবাদীরা তার ওপর প্রথম দফায় হামলা চালায় এবং তাকে কুপিয়ে গুরুতর জখম করে। এই ঘটনার রেশ ধরে গত ১৪ ফেব্রুয়ারি রাতে শশীভূষণ থানার রসুলপুর ৫নং ওয়ার্ডের মহাসড়কে পূর্ব পরিকল্পিতভাবে ওত পেতে থাকে ঘাতক জাকির হোসেন বাঘা ও তার সহযোগীরা। ভুক্তভোগী আমির হোসেনের বাবা আঃ রহিম ও তার সাথে থাকা ভুট্টো রাস্তা দিয়ে যাওয়ার সময় আসামিরা দেশীয় ধারালো অস্ত্র ও চাপাতি নিয়ে তাদের ওপর ঝাঁপিয়ে পড়ে। তারা আঃ রহিমের মাথা, ঘাড় ও গলায় নৃশংসভাবে কুপিয়ে হাড় ও রগ কেটে ফেলে এবং মৃত্যু নিশ্চিত করে ঘটনাস্থল ত্যাগ করে। এই ঘটনায় পুরো এলাকায় চরম চাঞ্চল্যের সৃষ্টি হয়। হত্যাকাণ্ডের পর থেকেই আসামি জাকির হোসেন বাঘা ভোলা ছেড়ে পালিয়ে চট্টগ্রাম ও কক্সবাজারের বিভিন্ন দুর্গম এলাকায় পরিচয় গোপন করে অবস্থান করছিল। র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন-১৫, ক্রাইম প্রিভেনশন স্পেশালাইজড কোম্পানির একটি আভিযানিক দল গোয়েন্দা তথ্যের সহায়তায় ঘাতকের অবস্থান শনাক্ত করে। ৪ মে সন্ধ্যায় র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন-১৫ এর একটি আভিযানিক দল কক্সবাজার জেলার চকরিয়া থানাধীন ২নং বরইতলী ইউনিয়নস্থ মুরাপাড়া পহরচান্দা এলাকায় ঝটিকা অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে লাল মিয়ার দোকানের পাশের একটি বাড়ি হতে জাকির হোসেন বাঘাকে গ্রেফতার করা হয়।

## আগৈলঝাড়ায় কিশোর গ্যাংয়ের

এসএসসি পরীক্ষার্থী আলিম হাওলাদার (১৭) ও সাজিদ হাওলাদার (১৬)সহ ১০-১২ জনের একটি দল হামলা করে গুরুতর আহত অবস্থায় ফেলে রাখে। পরে তাকে স্থানীয়রা উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। আহত হৃদয় সরদার জানান, উপজেলার রাজিহার ইউনিয়নের পূর্বে রাংতা গ্রামের আলামিন হাওলাদারের ছেলে আলিম হাওলাদার (১৭) ও খোরশেদ হাওলাদারের ছেলে সাজিদ হাওলাদার (১৬) আমাদের এলাকার একটি মেয়েকে উত্যক্ত করায় আমি এর প্রতিবাদ করলে আমাকে মারধর করে। পরে স্থানীয় ভাবে বিষয়টি মিমাংসা হয়ে যায়। সম্প্রতি চাঁদশীর মেলায় বসে আবারও তাদের সাথে পূর্ব বিরোধের জের ধরে হামলার ঘটনা ঘটে। এঘটনা নিয়ে উভয় পক্ষ সালিশ মিমাংসার ব্যবস্থা করে। সোমবার উত্তর শিহিপাশা গ্রামের মনসুর হাওলাদারের জমিতে ধান কাটার জন্য শ্রমিক হিসেবে আমি কাজ করি। আমি জমি থেকে মাথায় করে ধানের আটি নিয়ে রাস্তার উপর আসলে তখন আগে থেকে ওৎ পেতে থাকা কিশোর গ্যাংয়ের সদস্য রাংতা গ্রামের আলিম হাওলাদার (১৭), সাজিদ হাওলাদার (১৬), সজল সরদার (১৭), আশ্রাফুল ঘরামী (১৭)সহ ১০-১২ জনের একটি দল আমার উপর হামলা করে গুরুতর আহত করে ফেলে রাখে। তখন ওই জমির মালিক মনসুর হাওলাদারসহ স্থানীয়রা আমাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। এর আগেও এই কিশোর গ্যাংয়ের সদস্যরা এলাকায় বিভিন্ন লোকজনদের মারধর ও মেয়েদের উত্যক্ত করে আসছিলো। এব্যাপারে আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ মাসুদ খান বলেন, লিখিত অভিযোগ পেলে তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## উজিরপুরে স্বাস্থ্য কেন্দ্রে দালালচক্রের

আকস্মিক পরিদর্শনে গিয়ে নির্বাহী ম্যাজিস্ট্রেট ঘটনাস্থলেই তিন ব্যক্তিকে হাতেনাতে আটক করেন। পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে অভিযুক্তদের মধ্যে একজনকে ৭ দিনের বিনাশ্রম কারাদণ্ড ও পাঁচহাজার টাকা জরিমানা এবং অপর দু'জনকে একমাসের বিনাশ্রম কারাদণ্ড দেয়া হয়। এ সময় আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন। উজিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আলী সুজা বলেন, সাধারণ মানুষ যেন নির্বিঘ্নে চিকিৎসা সেবা পায়, তা নিশ্চিত করতে প্রশাসন সতর্ক রয়েছে এবং এ ধরনের অভিযান চলমান থাকবে।

## আমতলীতে চাঁদা আদায়কালে

সদস্য মাওলানা মাহমুদুল হোসাইন অলি উল্লাহ সব ধরনের চাঁদা আদায় বন্ধের নির্দেশ দেন। এতে প্রায় দেড় মাস চাঁদা আদায় বন্ধ ছিল। তবে অভিযোগ রয়েছে, এপ্রিলের শেষদিকে পুনরায় চাঁদা আদায় শুরু করেন মিল্টন। মঙ্গলবার দুপুরে চাঁদা সংগ্রহকালে পুলিশ অভিযান চালিয়ে তাকে ও তার সহযোগীকে হাতেনাতে আটক করে এবং তাৎক্ষণিকভাবে চাঁদা আদায় বন্ধ করে দেয়। স্থানীয় সিএনজি ও মাহেন্দ্র চালকদের অভিযোগ, দীর্ঘদিন ধরে চাঁদাবাজি, সন্ত্রাসী কর্মকাণ্ড ও দখল বাণিজ্যের মাধ্যমে এলাকায় প্রভাব বিস্তার করে আসছিলেন মিল্টন হাওলাদার। তার কর্মকাণ্ডে সাধারণ মানুষ অতিষ্ঠ হয়ে উঠেছিল। আমতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু সাহাদাৎ মো. হাসনাইন পারভেজ জানান, স্ট্যান্ড থেকে চাঁদা আদায়ের সময় মিল্টন ও সুমনকে আটক করা হয়েছে। বিষয়টি তদন্ত করে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। ঘটনার পর এলাকায় স্বস্তি ফিরে এসেছে বলে জানিয়েছেন স্থানীয়রা। চাঁদাবাজির বিরুদ্ধে পুলিশের এই পদক্ষেপকে স্বাগত জানিয়েছেন সাধারণ মানুষ।

## কাউখালীতে নারী মাদক

সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করে আসপদ্দি কলেজ রোড এলাকার মৃত ফারুক হোসেনের বসতঘরের পেছন থেকে তার স্ত্রী মোসাঃ মর্জিনা (৫২) কে ৫পিস ইয়াবা ট্যাবলেটসহ হাতেনাতে গ্রেফতার করা হয়। এ বিষয়ে কাউখালী থানার ওসি জানান, গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়েরের প্রক্রিয়া চলছে। তাকে আদালতে প্রেরণ করা হয়েছে। তার ছেলের রেজাউল করিম গাজীর নামেও একাধিক মাদকের মামলা রয়েছে।

## মেঘনায় নিখোঁজ জেলে শিপনের

জুয়েল সরদার (২১) এর এখনও কোনো সন্ধান মেলেনি, যা নিয়ে পরিবার ও স্বজনদের মধ্যে উৎকণ্ঠা বিরাজ করছে। হিজলা নৌ-পুলিশ ফাঁড়ির ইনচার্জ গৌতম চন্দ্র মন্ডল জানান, গত ২ মে বিকেলে মেহেন্দিগঞ্জ উপজেলার দাদপুর পুরাতন ফেরিঘাট সংলগ্ন মেঘনা নদীতে আকস্মিক কালবৈশাখী ঝড় আঘাত হানে। ঝড়ের তীব্রতায় একটি মাছধরা নৌকা ডুবে গেলে শিপন মালথিয়া ও জুয়েল সরদার নদীতে নিখোঁজ হন। তিনি বলেন, "ঘটনার পর থেকেই নৌ-পুলিশ, প্রশাসন ও স্থানীয় জেলেরা যৌথভাবে নদীতে তল্লাশি চালিয়ে আসছিল। কিন্তু প্রতিকূল আবহাওয়া ও স্রোতের কারণে নিখোঁজদের খোঁজ পাওয়া যাচ্ছিল না। মঙ্গলবার সকালে স্থানীয় জেলেরা একটি মরদেহ ভাসতে দেখে আমাদের খবর দিলে ঘটনাস্থলে গিয়ে তা উদ্ধার করা হয়।" পরে সুরতহাল প্রতিবেদন শেষে মরদেহটি স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে বলে জানান তিনি। এদিকে, নিখোঁজ জুয়েল সরদারকে উদ্ধারে এখনও মেঘনা নদীতে তল্লাশি অভিযান অব্যাহত রয়েছে। স্থানীয়রা বলছেন, হঠাৎ কালবৈশাখী ঝড়ের কারণে নদীতে থাকা জেলেরা প্রায়ই এমন ঝুঁকির মুখে পড়েন, যা নৌযান দুর্ঘটনার বড় কারণ হয়ে দাঁড়িয়েছে।

## ১০ মে উপজেলা চেয়ারম্যান ও মেয়র প্রার্থীদের নাম ঘোষণা করবে এনসিপি

**কীর্তনখোলা ডেস্ক**

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) আগামী ১০ মে উপজেলা চেয়ারম্যান ও মেয়র প্রার্থীদের নাম ঘোষণা করবে বলে জানিয়েছেন দলটির মুখ্য সংগঠক (উত্তরাঞ্চল) সারজিস আলম। মঙ্গলবার (৫ মে) বিকেলে রাজধানীর বাংলামোটরে দলের অস্থায়ী কার্যালয়ে রাজনৈতিক নেতাকর্মী ও বিভিন্ন শ্রেণি-পেশার নাগরিকদের এনসিপিতে যোগদান অনুষ্ঠানে তিনি এ তথ্য জানান। সারজিস বলেন, ৩০ এপ্রিলের মধ্যে আমাদের ১০০টি উপজেলা চেয়ারম্যান ও পৌর মেয়রপ্রার্থী দেওয়ার কথা ছিল। কিন্তু আমাদের ব্যক্তিগত ও সামগ্রিক কিছু সমস্যার কারণে আমরা তারিখটি পিছিয়ে নিয়েছি। আশা করছি আগামী ১০ মে'র মধ্যে এনসিপি থেকে প্রাথমিকভাবে সমর্থিত উপজেলা চেয়ারম্যান পদপ্রার্থী ও মেয়র পদপ্রার্থীদের তালিকা ঘোষণা করতে পারবো। তিনি আরও বলেন, এছাড়া এ মাসের মধ্যেই সাতটি সিটি করপোরেশনে এনসিপি সমর্থিত মেয়র পদপ্রার্থীদের নাম আমরা ঘোষণা করবো। এখন আমরা ১১ দলীয় জোটে আছি। বিরোধীদল হিসেবে রাজনীতি করছি। সংসদে ভূমিকা পালন করছি। কিন্তু একই সঙ্গে এনসিপি এককভাবে, সাংগঠনিকভাবে, রাজনৈতিকভাবে শক্তিশালী হিসেবে গড়ে ওঠার যে প্রক্রিয়া, আমরা সেই প্রক্রিয়ায় কাজ করছি এবং এ কারণে আমরা এখন এককভাবে প্রত্যেকটি জায়গায় স্থানীয় নির্বাচনে এনসিপির প্রার্থী ঘোষণা করবো। সারজিস বলেন, বিএনপির পক্ষ থেকে আবার স্থানীয় সরকার নির্বাচন পিছিয়ে ২০২৭ সালের ডিসেম্বরে নেওয়ার পরিকল্পনা করা হচ্ছে। তারা এরই মধ্যে জেলা পরিষদ ও সিটি করপোরেশনে প্রশাসক বসিয়েছে। তিনি বলেন, উপজেলা পর্যায়ে কোনো উপজেলা চেয়ারম্যান এই মুহূর্তে তার পদে নেই। তারা আবার তাদের পূর্বের ক্ষমতাসীনদের মতো ক্ষমতা কুক্ষিগত করার পাঁয়তারা শুরু করেছে। শুনতে পাচ্ছি তারা নাকি উপজেলা পরিষদ বিলুপ্ত করার চেষ্টা করছে। এ ধরনের ক্ষমতা কুক্ষিগত করা তাদের জন্য হিতে বিপরীত হবে। এজন্য আমরা আহ্বান করব সিটি করপোরেশন এবং উপজেলা ও পৌরসভা নির্বাচন এ বছরের মধ্যেই দিতে হবে।

## তেলের উত্তোলন বাড়ানোর ঘোষণা ওপেক প্লাস জোটের ৭ দেশের

**কীর্তনখোলা ডেস্ক**

জ্বালানি তেলের দৈনিক উত্তোলন বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে ওপেক প্লাস জোটের ৭ সদস্যরাষ্ট্র সৌদি আরব, রাশিয়া, কুয়েত, আলজেরিয়া, ইরাক, কাজাখস্তান এবং ওমান। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, আগামী জুন মাস পর্যন্ত প্রতিদিন মোট ১ লাখ ৮৮ হাজার ব্যারেল তেল অতিরিক্ত উত্তোলন করবে এই সাত দেশ। সোমবার জ্বালানি তেলের উত্তোলন ও বিপননকারী ৭ দেশের জোট ওপেক প্লাস সোমবার অনলাইনে বৈঠক করে। বৈঠকের পর এক বিবৃতিতে বলা হয়েছে, সদস্যরাষ্ট্রগুলোর সম্মতিক্রমেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এক সময় মধ্যপ্রাচ্যের উপসাগরীয় অঞ্চলের দেশ সংযুক্ত আরব আমিরাত ওপেক প্লাসের সদস্য ছিল। তবে ২৮ এপ্রিল দেশটি জোট থেকে আনুষ্ঠানিকভাবে বেরিয়ে গেছে। বিভিন্ন সূত্রে জানা গেছে গত মার্চ এবং এপ্রিল মাসে তেলের দৈনিক উত্তোলন বৃদ্ধি নিয়ে একাধিক বৈঠক হয়েছে ওপেক প্লাসের সদস্যরাষ্ট্রগুলোর মধ্যে। সেসব বৈঠকে সিদ্ধান্ত হয়েছিল যে আগামী জুন মাস পর্যন্ত অতিরিক্ত ২ লাখ ৬ হাজার ব্যারেল তেল উত্তোলন করবে ওপ্লাসের ৮ সদস্যরাষ্ট্র। আমিরাত জোট থেকে বেরিয়ে যাওয়ায় প্রস্তাবিত অতিরিক্ত তেল উত্তোলনের পরিমাণ কমানো হয়েছে বলে জানা গেছে সূত্রের বরাতে। উল্লেখ্য, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ শুরুর পর অপরিশোধিত তেলের দাম কমে যাওয়ায় তেলের দৈনিক উত্তোলন হ্রাসের সিদ্ধান্ত নিয়েছিল। তবে গত ফেব্রুয়ারিতে ইরান-যুক্তরাষ্ট্র-ইসরায়েল যুদ্ধ শুরুর পর বিশ্বজুড়ে বাড়তে থাকে তেলের চাহিদা; এবং এ কারণেই দৈনিক উত্তোলন বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে ওপেক প্লাস। তবে জ্বালানি তেলের বাজার পর্যবেক্ষক ও বিশ্লেষকরা এই সিদ্ধান্তে তেমন আশাবাদী হতে পারেননি। জ্বালানি বাজার পর্যবেক্ষণকারী ব্রিটিশ সংস্থা রাইস্ট্যাড এনার্জির কর্মকর্তা জর্জ লিওন এএফপিকে বলেছেন, "বর্তমানে বিশ্বে জ্বালানি তেলের দাম বৃদ্ধির কারণ বাজারের সরবরাহ শৃঙ্খল ভেঙে পড়া; পণ্যের ঘাটতি নয়। হরমুজ প্রণালিতে বাণিজ্যিক জাহাজের চলাচল যদি আগের অবস্থায় ফিরে সেক্ষেত্রে তেলের উৎপাদন বাড়ালেও বাজার স্বাভাবিক হবে না।"

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বুধবার ॥ ০৬ মে ২০২৬ ॥ ২৩ বৈশাখ ১৪৩৩

## আমরা এখনো শুরুই করিনি- যুক্তরাষ্ট্রকে কিসের হুঁশিয়ারি দিলেন গালিবাফ

কীর্তনখোলা ডেস্ক
ইরানের পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ বলেছেন, হরমুজ প্রণালিতে যে স্থিতাবস্থা বা স্ট্যাটাস ক্যু তৈরি হয়েছে তা যুক্তরাষ্ট্রের জন্য অসহনীয়। তিনি আরও বলেছেন, ইরান তার সামান্য শক্তি ব্যবহার করেই এই ৩ এর পাতায় দেখুন

## ইরানকে 'পৃথিবীর মানচিত্র থেকে মুছে ফেলা'র হুমকি ট্রাম্পের

কীর্তনখোলা ডেস্ক
মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হুমকি দিয়েছেন যে, হরমুজ প্রণালির মধ্য দিয়ে একটি পথ পুনরায় খোলার চেষ্টায় থাকা মার্কিন জাহাজে হামলা করলে ইরানকে 'পৃথিবীর মানচিত্র থেকে মুছে ফেলা' হবে। পারস্য উপসাগরে নাবিকসহ ৩ এর পাতায় দেখুন

## সাগরে মিলছে না কাঙ্ক্ষিত মাছ, বৈরী আবহাওয়া ও জলদস্যু আতঙ্কে জেলেরা

বরগুনা প্রতিনিধি
বঙ্গোপসাগরে মাছ ধরার ওপর একের পর এক সরকারি নিষেধাজ্ঞা, বৈরী আবহাওয়া এবং জলদস্যুদের উৎপাতের কারণে চরম সংকটে পড়েছেন জেলে ও ট্রলার মালিকরা। ৫৮ দিনের সামুদ্রিক মাছ ধরার নিষেধাজ্ঞা, ২২ দিনের ইলিশ আহরণ বন্ধসহ বছরের বিভিন্ন সময়ে আরোপিত বিধিনিষেধে অনেক সময়ই সাগরে যেতে পারেন না জেলেরা। এর সঙ্গে যুক্ত হয়েছে ঘনঘন সমুদ্রের সতর্ক সংকেত। ফলে মাছ ধরার মৌসুমেও কার্যত অলস সময় কাটাতে হচ্ছে জেলেদের। জেলেরা জানান, সাগরে যাওয়ার সুযোগ পেলেও কাঙ্খিত মাছ মিলছে না। বারবার শূন্য হাতে ফিরে আসায় ৩ এর পাতায় দেখুন

## ভান্ডারিয়ায় কিশোরীকে ধর্ষণের দায়ে যুবকের যাবজ্জীবন দণ্ড

ভান্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরে কিশোরীকে ধর্ষণের দায়ে মো. সুমন হাওলাদার (৩৮) নামের একজনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। পাশাপাশি তাঁকে ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও ৬ মাসের কারাদণ্ড দেওয়া হয়। গতকাল ?মঙ্গলবার দুপুরে পিরোজপুরের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক এস এম মনিরুজ্জামান আসামির উপস্থিতিতে এই রায় দেন। ?দণ্ডপ্রাপ্ত সুমন হাওলাদার (৩৮) জেলার ভান্ডারিয়া উপজেলার জুনিয়া গ্রামের মো. হামেদ হাওলাদারের ছেলে। আদালত সূত্রে জানা গেছে, ভুক্তভোগী কিশোরীর সঙ্গে মা-বাবার সম্পর্ক না থাকায় সে তার মামা একই গ্রামের নিজাম হাওলাদারের বাড়িতে থেকে লেখাপড়া করত। ভিকটিম স্কুলে ৩ এর পাতায় দেখুন

## আগৈলঝাড়ায় ভুয়া এনজিও খুলে কোটি টাকা আত্মসাত

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়ায় নাম সর্বস্ব এনজিও খুলে কোটি টাকা আত্মৎসাতের অভিযোগে থানায় লিখিত অভিযোগ দিয়েছে ভুক্তভোগী সদস্যরা। ওই এনজিওটি ৪টি উপজেলার কয়েক হাজার গ্রাহকের কাছ থেকে ঘর ও খাদ্য সামগ্রী দেওয়ার কথা বলে কোটি টাকা উত্তোলন করে আত্মৎসাত করেছে। টাকা ফেরত পাওয়ার জন্য গতকাল মঙ্গলবার শতাধিক সদস্যরা থানার চত্বরে বসে বিক্ষোভ করেছে। স্থানীয় ও ভুক্তভোগী সদস্যরা জানান, আগৈলঝাড়া, গৌরনদী, কোটালীপাড়া ও উজিরপুর উপজেলার প্রায় ৫০টি গ্রামে কর্মী নিয়োগ দিয়ে প্রত্যেক সদস্যকে ২০ হাজার টাকায় আধাপাকা ঘর ও দুই হাজার টাকা জমা দিলে প্রতি তিনমাস পর পর চাল, ডাল, আটা, চিনি ও তৈল দেওয়ার প্রলোভন ৩ এর পাতায় দেখুন

## বিএনপি নেতার বাড়ির সামনে গৃহবধূর আত্মহত্যার চেষ্টা

গৌরনদী প্রতিনিধি
স্ত্রীর অধিকার পেতে থানা পুলিশ থেকে শুরু করে রাজনৈতিক নেতাদের কাছে ধর্না দিয়েও বিচার না পেয়ে বিষপানে আত্মহত্যার চেষ্টা চালিয়েছেন জান্নাতুন বাবলি (২৯) নামের এক গৃহবধূ। গৌরনদী বন্দরে বরিশাল উত্তর জেলা বিএনপির সদস্য সচিব মিজানুর রহমান খান মুকুলের বাসার সামনের খালপাড়ে ৩ এর পাতায় দেখুন

## মসজিদ নির্মাণ কাজে বিএনপি নেতার বাধা, মুসল্লিদের ক্ষোভ

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠি সদর উপজেলার নথুল্লাবাদ এলাকার বিশ্বাস বাড়ি জামে মসজিদটি পুনর্নির্মাণ কাজে বিএনপি নেতার বিরুদ্ধে বাধা দেওয়ার অভিযোগ উঠেছে। এনিয়ে মসজিদ কমিটি ও মুসল্লিদের মধ্যে ক্ষোভ বিরাজ করছে। স্থানীয় এবং মুসল্লিরা জানান, দেড় শতাধিক বছরের ঐতিহ্যবাহী বিশ্বাসবাড়ি মসজিদটি জরাজীর্ণ হয়ে পড়েছিলো। সরকারি সহায়তা, মুসল্লি এবং শুভাকাঙ্খীদের দান-অনুদানে মসজিদটি পুনর্নির্মাণের উদ্যোগ নেওয়া হয়। এ নিয়ে ৩ এর পাতায় দেখুন

## ভোলায় অস্ত্র-গুলি ও মাদকসহ সন্ত্রাসী জাকিরকে গ্রেপ্তার করেছে কোস্টগার্ড

ভোলা প্রতিনিধি
ভোলায় কর্ণফুলী লঞ্চে অভিযান চালিয়ে দেশীয় অস্ত্র, গুলি ও গাঁজাসহ দক্ষিণ দিঘলদী ইউনিয়নের কুখ্যাত সন্ত্রাসী জাকির ফরাজীকে গ্রেপ্তার করেছে কোস্টগার্ড। সোমবার (৪ মে) দিবাগত রাত ৩টার দিকে সদর উপজেলার ইলিশা এলাকার মেঘনা নদীতে অভিযানকালে ঢাকা থেকে দৌলতখানের উদ্দেশ্যে ছেড়ে আসা কর্ণফুলী-১৩ লঞ্চের একটি কেবিন থেকে তাকে গ্রেপ্তার করা হয়। কোস্টগার্ড জানায়, সোমবার সন্ধ্যায় ঢাকা থেকে দৌলত খানের উদ্দেশ্যে ছেড়ে আসা কর্ণফুলী-১৩ লঞ্চের একটি কেবিনে আটককৃত জাকির ফরাজী অস্ত্র, মাদক ও গুলি নিয়ে তার নিজ এলাকায় রওনা হয়েছেন। এমন গোপন সংবাদের ভিত্তিতে কোস্টগার্ডের একটি দল ভোর রাত ৩টার দিকে ইলিশা এলাকার মেঘনা নদীতে অভিযান চালায়। ৩ এর পাতায় দেখুন

## দশমিনায় ইয়াবা ও নগদ অর্থসহ ৪ মাদক কারবারি গ্রেপ্তার

দশমিনা প্রতিনিধি
পটুয়াখালীর দশমিনায় পরপর দুই দিনের মাদকবিরোধী অভিযানে ৮৫টি ইয়াবা ও নগদ দুই লাখ টাকাসহ চার মাদক কারবারিকে গ্রেপ্তার করেছে পুলিশ। গত রোববার দিবাগত রাত ২টার সময় উপজেলার বহরমপুর ইউনিয়নের নবাব কাচারি ব্রিজের ওপর থেকে দুজন এবং সোমবার রাত সাড়ে ১০টার সময় বেতাগী সানকিপুর ইউনিয়নের মাছুয়াখালী দশমিনা-পটুয়াখালী সড়ক থেকে দুজনকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন উপজেলার বহরমপুর ইউনিয়নের নবাব কাচারি গ্রামের মো. ফোরকান হাওলাদারের ছেলে মো. নীরব হাওলাদার (২০) এবং একই গ্রামের মো. বজলু মৃধার ছেলে মো. রুবেল মৃধা (৩০)। অপর দুজন একই উপজেলার দশমিনা ইউনিয়নের উত্তর ৩ এর পাতায় দেখুন

## কলাপাড়ায় ৬ ফুট দৈর্ঘ্যের দাঁড়াশ ও কালনাগিনী সাপ উদ্ধার

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর কলাপাড়ায় ৬ ফুট দৈর্ঘ্যের একটি দাঁড়াশ ও দেড় ফুট দৈর্ঘ্যের একটি কাল নাগিনী সাপ উদ্ধার করেছে অ্যানিমল লাভারস অফ পটুয়াখালীর কলাপাড়া শাখার সদস্যরা। মঙ্গলবার (৫ মে) সকালে নীলগঞ্জ ইউনিয়নের পাখিমারা গ্রামের কৃষক নীলকান্তের বাড়ি থেকে জালে পেঁচানো অবস্থায় দাঁড়াশ এবং পশ্চিম সেনাতলা গ্রামের মাসুদ মোল্লার বাসা থেকে কালনাগিনী সাপটি উদ্ধার করা হয়। পরে বেলা এগারোটার দিকে সাপ দুটি চিকিৎসার জন্য উপজেলা প্রাণিসম্পদ কার্যালয়ে নিয়ে আসা হয়। এসময় সাপ ৩ এর পাতায় দেখুন

## আগৈলঝাড়ায় কিশোর গ্যাংয়ের হামলায় স্কুল ছাত্র আহত

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়ায় সংঘবদ্ধ কিশোর গ্যাংয়ের হামলায় এক স্কুল ছাত্র গুরুতর আহত হয়েছে। গুরুতর আহত অবস্থায় ওই ছাত্রকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। আহত ও স্থানীয় সূত্রে জানা গেছে, সোমবার সন্ধ্যায় উপজেলার রাজিহার ইউনিয়নের রাংতা গ্রামের লিটন সরদারের ছেলে রাংতা মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্র হৃদয় সরদার (১৬) কে সংঘবদ্ধ কিশোর গ্যাংয়ের সদস্য ৩ এর পাতায় দেখুন

## মেঘনায় নিখোঁজ জেলে শিপনের লাশ উদ্ধার, এখনও নিখোঁজ এক

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি
বরিশালের মেহেন্দিগঞ্জে কালবৈশাখী ঝড়ের তাণ্ডবে মেঘনা নদীতে নৌকাডুবির ঘটনায় নিখোঁজ জেলে শিপন মালথিয়ার (২০) মরদেহ উদ্ধার করা হয়েছে। মঙ্গলবার (৫ মে) সকালে হিজলা উপজেলার বাহেরচর এলাকার মেঘনা নদী থেকে ভাসমান অবস্থায় তার মরদেহ উদ্ধার করা হয়। নিহত শিপন মালথিয়া মেহেন্দিগঞ্জ উপজেলার চরএককরিয়া ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের বাসিন্দা আলম মালথিয়ার ছেলে। একই ঘটনায় নিখোঁজ অপর জেলে ৩ এর পাতায় দেখুন

## আমতলীতে চাঁদা আদায়কালে শ্রমিকদল নেতাসহ আটক ২

সাইফুল ইসলাম, আমতলী
বরগুনার আমতলীতে সিএনজি ও মাহেন্দ্র স্ট্যান্ডে চাঁদা আদায়ের সময় পৌর শ্রমিকদল সভাপতি ও এক লাইনম্যানকে আটক করেছে পুলিশ। আমতলী উপজেলা পৌর শহরের চৌরাস্তায় সিএনজি ও মাহেন্দ্র স্ট্যান্ড থেকে চাঁদা আদায়ের অভিযোগে পৌর শ্রমিকদল সভাপতি মিল্টন হাওলাদার ও তার সহযোগী লাইনম্যান সুমনকে আটক করা হয়েছে। মঙ্গলবার দুপুরে আমতলী থানা পুলিশ তাদের আটক করে। স্থানীয় সূত্রে জানা যায়, চলতি বছরের জানুয়ারি মাস থেকে মিল্টন হাওলাদার স্ট্যান্ডের যানবাহন থেকে নিয়মিত চাঁদা আদায় করে আসছিলেন। এ নিয়ে গত ৭ মার্চ দলের অভ্যন্তরীণ দ্বন্দ্বের জেরে সংঘর্ষের ঘটনাও ঘটে। পরে বরগুনা-১ আসনের সংসদ ৩ এর পাতায় দেখুন

## ভোলায় হত্যাকান্ডের আসামি কক্সবাজারে গ্রেফতার

ভোলা প্রতিনিধি
ভোলা জেলার শশীভূষণ থানার আলোচিত ও চাঞ্চল্যকর 'আব্দুর রহিম' হত্যা মামলার অন্যতম প্রধান আসামি মো. জাকির হোসেন বাঘাকে কক্সবাজারের চকরিয়া থেকে গ্রেফতার করেছে র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন-১৫। দীর্ঘদিন দেশের বিভিন্ন স্থানে আত্মগোপনে থাকার পর র‌্যাবের গোয়েন্দা নজরদারিতে অবশেষে সে ধরা পড়ে। র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন-১৫ এর সহকারী পরিচালক আ ম ফারুক জানিয়েছেন, ১০ ফেব্রুয়ারি টাকা ৩ এর পাতায় দেখুন

## বরিশালে শতাধিক এতিম শিশুর পাশে ইমপ্যাক্ট ইনিশিয়েটিভ

কীর্তনখোলা রিপোর্ট
জাতীয় মানবিক উন্নয়ন সংস্থা ইমপ্যাক্ট ইনিশিয়েটিভ এর উদ্যোগে বরিশালে ১০২ জন এতিম শিশুর মাঝে ত্রৈমাসিক খাদ্যসামগ্রী, শিক্ষা ফি, শিক্ষা উপকরণ ও খেলাধুলার সামগ্রী বিতরণ করা হয়েছে। মঙ্গলবার (৫ এপ্রিল ২০২৬) দিনব্যাপী বরিশাল অফিসে আয়োজিত এ কর্মসূচিতে শিশুদের এককালীন শিক্ষা প্রতিষ্ঠানের ফি প্রদানসহ প্রয়োজনীয় খাদ্য ও শিক্ষাসামগ্রী তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ ফরিদা সুলতানা। এছাড়া উপস্থিত ছিলেন সংস্থাটির বরিশাল অফিসের প্রজেক্ট অফিসার ৩ এর পাতায় দেখুন

## ১৫ বছর ধরে সংস্কারহীন রাস্তা, বেহাল অবস্থায় জনদুর্ভোগ চরমে

মির্জাগঞ্জ প্রতিনিধি
পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলার দেউলী বাইতুল মাল আকসা মসজিদ থেকে শুরু করে আব্দুল গফুর হাওলাদারের বাড়ি পর্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তাটি এখন এলাকাবাসীর কাছে এক 'মরণফাঁদে' পরিণত হয়েছে। দীর্ঘ দেড় দশক ধরে কোনো সংস্কার না হওয়ায় রাস্তার ইটের সলিং উঠে গিয়ে সৃষ্টি হয়েছে বড় বড় গর্তের। সামান্য বৃষ্টিতেই জলাবদ্ধতা আর কাদা-পানিতে সড়কটি চলাচলের একেবারেই অনুপযোগী হয়ে পড়েছে। প্রাপ্ত তথ্যমতে, ২০১০ সালে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর থেকে ১.৪৫ কিলোমিটার এই সড়কটির উন্নয়নের জন্য প্রায় ২৫ লাখ ৭৪ হাজার টাকার একটি প্রাক্কলন অনুমোদন করা হয়েছিল। নথিতে এইচবিবি দ্বারা উন্নয়নের কথা থাকলেও বর্তমানে রাস্তাটির দশা দেখে বোঝার উপায় নেই যে এখানে কখনো মানসম্মত কাজ হয়েছিল। সরেজমিনে গিয়ে দেখা যায়, রাস্তার ৩ এর পাতায় দেখুন

## উজিরপুরে স্বাস্থ্য কেন্দ্রে দালালচক্রের তিন সদস্যের কারাদন্ড

উজিরপুর প্রতিনিধি
উজিরপুর উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে আজ দালালচক্রের বিরুদ্ধে অভিযানকালে তিন ব্যক্তিকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। মঙ্গলবার দুপুরে ভ্রাম্যমান আদালতের এ অভিযান পরিচালনা করেন উজিরপুর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মহেশ্বর মণ্ডল। প্রশাসন সূত্রে জানা যায়, উজিরপুর উপজেলা স্বাস্থ্য কেন্দ্র চত্বরে সক্রিয় একটি সংঘবদ্ধ দালালচক্র রোগী ও তাদের স্বজনদের বিভিন্নভাবে বিভ্রান্ত করে নির্দিষ্ট ক্লিনিক ও চিকিৎসকের কাছে নেয়ার নামে অর্থ আদায় করছিল। এসব অভিযোগের ভিত্তিতে মঙ্গলবার দুপুরে ৩ এর পাতায় দেখুন

## আমতলীতে কমিউনিটি ক্লিনিকের গুরুত্বপূর্ণ সরঞ্জাম ও নথি চুরি

আমতলী প্রতিনিধি
বরগুনার আমতলী উপজেলার সদর ইউনিয়নের চলাভাঙ্গা কমিউনিটি ক্লিনিকে গভীর রাতে দুর্ধর্ষ চুরির ঘটনা ঘটেছে। দুর্বৃত্তরা ক্লিনিকের প্রধান ফটকের তালা ভেঙে ভেতরে প্রবেশ করে মূল্যবান সরঞ্জাম, নগদ অর্থ ও গুরুত্বপূর্ণ নথিপত্র নিয়ে যায়। ক্লিনিক সূত্রে জানা গেছে, চোরেরা পানির মোটর, ইন্টারনেট রাউটার, রক্তচাপ মাপার (বিপি) মেশিন, ফান্ডে সংরক্ষিত নগদ টাকা এবং গুরুত্বপূর্ণ কাগজপত্র চুরি করে। এছাড়া দুটি স্টিলের আলমারির তালা ভেঙে ভেতরের জিনিসপত্র তছনছ করা হয় এবং আসবাবপত্রেরও ব্যাপক ক্ষয়ক্ষতি সাধন করা হয়েছে। কমিউনিটি ক্লিনিকের সিএসসিপি আল হাসিব জানান, রাতে তালা ভেঙে ক্লিনিকের ভেতরে ঢুকে গুরুত্বপূর্ণ মালামাল চুরি করা হয়েছে। সকালে খবর পেয়ে ঘটনাস্থলে এসে তিনি ঘটনার সত্যতা নিশ্চিত করেন এবং তাৎক্ষণিকভাবে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করেন। ঘটনার ৩ এর পাতায় দেখুন

## কাউখালীতে নারী মাদক ব্যবসায়ী গ্রেফতার

কাউখালী প্রতিনিধি
পিরোজপুরের কাউখালীতে পুলিশের বিশেষ অভিযানে এক নারী মাদক কারবারিকে গ্রেফতার হয়েছে। সোমবার রাত ১০টায় উপজেলার সদর ইউনিয়নের আসপদ্দি কলেজ রোড এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। কাউখালী থানার অফিসার ইনচার্জ মোঃ ইয়াকুব হোসাইন এর নির্দেশক্রমে এসআই জাফর ইকবালের নেতৃত্বে একাধিক পুলিশ সদস্য ও নারী পুলিশের সমন্বয়ে গঠিত একটি দল মাদকবিরোধী অভিযান চালায়। পুলিশ ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার:
এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য:
০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার:
মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ
কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com